Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

উত্তরবঙ্গ

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 49 ■ 14th December 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- পুরসভায় ১২ মজদুর, ক্লার্ক ● ১২ মাল্টি টাস্কিং স্টাফ
- হিন্দুস্তান অ্যারোনটিক্সে ট্রেড অ্যাপ্রেন্টিস
- পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

# ১,৪৯৩ জুনিয়র ইঞ্জিনিয়ার ও মেন্টেনার দিল্লি মেট্রো রেলে

**আই.টি.আই থেকে পাশ ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

কেন্দ্রীয় সরকার ও দিল্লি সরকারের যৌথ উদ্যোগে তৈরি দিল্লি মেট্রো রেল কর্পোরেশন 'মেন্টেনার', 'জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রনিক্স', 'জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রিক্যাল', 'জুনিয়র ইঞ্জিনিয়ার /মেকানিক্যাল', 'জুনিয়র ইঞ্জিনিয়ার /সিভিল', অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ১,৪৯৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

সেকশন -বি রেগুলার - নন এক্সিকিউটিভ ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব পদে :

**জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রিক্যাল** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I, তবে A-III'র নিচে। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৭,০০০-১,১৫,০০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১১, তজাঃ ১১, তঃউঃজাঃ ২,

এরপর ৬ পাতায়

# পূর্ব উপকূল রেলে ১,২০৬ অ্যাপ্রেন্টিস

**আই.টি.আই থেকে পাশ ছেলেদের**

পূর্ব-উপকূল রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,২০৬ জন লোক নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, মেশিনিস্ট, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, পেইন্টার, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, ইলেক্ট্রনিক মেকানিক, মেশিনিস্ট, টার্নার, প্লাম্বার, ম্যাসন। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় সাধারণভাবে পাশ হলে) নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ২৮-১২-২০১৯'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে।

এরপর ৮ পাতায়

## রাজ্য সরকারে মোটর ভেহিকল ইন্সপেক্টর

রাজ্য সরকারের পরিবহণ দফতরে কাজের জন্য 'মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল)' পদে ১৯ জন লোক নেওয়া হচ্ছে। যে কোনো

এরপর ২ পাতায়

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো ক্লার্ক, পোস্টাল অ্যাসিস্ট্যান্ট

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট', লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট' ও 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর' পদের জন্য আবেদন করতে

এরপর ৮ পাতায়

## স্পোর্টস অথরিটিতে ১৩০

স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া অফিসার পদে ১৩০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে অ্যাডমিনিস্ট্রেশন, ফিনান্স, স্পোর্টস ম্যানেজমেন্ট, ল', জেনারেল ম্যানেজমেন্ট ও ইঞ্জিনিয়ারিং বিভাগে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা অন্তত ৩ বছর সংশ্লিষ্ট ট্রেডে কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২০-১২-২০১৯'এর হিসাবে ৩২ বছরের মধ্যে। চাকরি হবে ২ বছরের চুক্তিতে। তখন পারিশ্রমিক মাসে ৪০,০০০ টাকা। ভালো পারফরম্যান্স দেখাতে পারলে চাকরির মেয়াদ বাড়ানো হতে পারে। শূন্যপদ : ১৩০টি।

এরপর ৫ পাতায়

১৬৪ পাতার

কর্মসংস্থান গোষ্ঠীর

সাফল্য

দাম মাত্র ৩০ টাকা

আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই


এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর

প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর

হাতে-কলমে কোচিং

বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন

বিনামূল্যে ৩২ পাতার WBCS প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর




ডিসেম্বর সংখ্যায় আছে

- ✓ পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- ✓ রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ পি.এস.সি ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- ✓ ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি.(মেকা.) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর

সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।

Help Line : 983062 4170

## বায়ুসেনাতে অফিসার

ভারতীয় বিমানবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'ফ্লাইং ব্রাঞ্চ', 'গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল)', 'গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল)' ও 'ফ্লাইং ব্রাঞ্চে (এন.সি.সি. স্পেশাল এন্ট্রি)' অফিসার' পদে অবিবাহিত তরুণ-তরুণী নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :

**ফ্লাইং ব্রাঞ্চ** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৩ বছরের গ্র্যাজুয়েটরা যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরাও যোগ্য। দুই ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ২০ থেকে ২৪ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০১'এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৫ থেকে ১-৭-২০০১'এর মধ্যে। শারীরিক মাপজোখ হতে হবে ছেলেমেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৬২.৫ সেমি,

এরপর ৪ পাতায়

## ইসরোয় ২২০ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের ইসরো প্রোপালশন কমপ্লেক্স গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ২২০ জন লোক নিচ্ছে।

এরপর ১৪ পাতায়

## জীবনবিমায় ৩৫ অ্যাসিস্ট্যান্ট


এল.আই.সি. হাউসিং ফিনান্স লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' পদে ৩৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। আইনের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে

এরপর ২ পাতায়

WBCS 2020

এগিয়ে থাকুন ... সেরার সাথে

WBCS Preliminary Challenger




সঠিক প্রস্তুতির Complete Study Material

Also available ▼

WBCS IS EASY

WBCS 100% PRACTICE SETS

chhaya prakashani pvt. ltd.

1 Bidhan Sarani, Kolkata 700 073 • www.chhaya.co.in

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পরীক্ষা হবে জানুয়ারিতে

### শূন্যপদ ৪ হাজার

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের জন্য এবছর মার্চ মাস নাগাদ যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার লিখিত পরীক্ষা পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনই নেবে। এই পরীক্ষা পি.এস.সি. নেবে না, সদ্য গঠিত স্টাফ সিলেকশন কমিশন নেবে তা নিয়ে অনেক টাল বাহানার পর রাজ্য সরকার এক নির্দেশে জানান এই পরীক্ষা পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন-ই নেবে।

এরপর ২ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
: (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

স্কুল-কলেজ-শিক্ষা

**১৮ বছরের অভিজ্ঞ শিক্ষক**
জয়ন্ত রায়। গড়িয়া ও শিয়ালদহে WBCS, Rail, Bank, WB Police, Maths, G.I, G.K- প্রচুর সফল- (M) 8777217803.
SH

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**WBCS & Combined**
কোর্সে ভর্তি চলছে। মাসিক ফিজ। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm)
MS

**নার্সিং ২০১৯ শেষ সুযোগ**
ব্যাঙ্গালোরে মেডিক্যাল কলেজে GNM এবং B.Sc নার্সিংয়ে ভর্তির শেষ সুযোগ। 'প্রধানমন্ত্রী স্কীল ইন্ডিয়া' যোজনায় লোন পাওয়া যাবে। যোগাযোগ : নার্সিং ওয়ার্ল্ড, কল্যাণী, নদীয়া, M : 9836876033.
S

কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M/F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)

**Urgent vacancy**
**কাজের গ্যারান্টি,**
**Govt.L.No-01265**
উঃবঙ্গ সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport, মেট্রো, BANK (DSA)সহ বিভিন্ন কোম্পানিতে যোগ্যতা ভিত্তিক M/F নিয়োগ চলছে।বেতন-(১০,২০০-৩২,৫০০) OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোসন সহ থাকা-খাওয়া ফ্রি। M- 7872200301.
SA(A)

স্কুল-কলেজ-শিক্ষা

**PSC, RAIL, IBPS, SSC**
Above 80% success for Govt. Service. Mrs. Maity, Ph : 9874121627.
SH (S)

**কেবলমাত্র ছাত্রীদের জন্য**
WBCS, PSC, SSC,WBP, K.P, ব্যাঙ্ক, রেল ইত্যাদি কোর্স করে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। পি মুখার্জী, হাওড়া শিবপুর (মন্দিরতলা) 8420414664, 6291911988.
SH(S)

**ONLY WBCS**
প্রথমবারেই WBCS এর চাকরি পাওয়া সম্ভব। সফলতার জন্য এখন দরকার বিষয়ভিত্তিক Concept. প্রস্তুতি নিন WBCS Gr.1 Officer এর তত্ত্বাবধানে। M- 7003899443
SH

MORE THAN 100 RESEARCH SCHOLARS
MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
• Humanities • Science
• Engineering • Management
• Nursing • Pharmacy
• Law • Performing Arts (Music/Dance)
• Library Science
VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

**WBCS-21 Admission**
WBCS, কম্বাইন্ড ব্যাচে ভর্তি চলছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898.
R

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
কোর্সে জানুঃ সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। নার্সিং (ANM/DHN), E.C.G., DMLT (প্যাথোঃ), DPT (ফিজিওথেরাপি) ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। MRIT,শ্রীরামপুর 9231839309.
R

**ENGLISH**
Objective and Descriptive. Sealdah, Sonarpur, Tamluk, Panskura. Ph: 9836051246
R

কর্মখালি

**"আর্জেন্ট ভ্যাকান্সি"**
গভঃ স্বীকৃত Airport ও মেট্রো ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 47 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। পদ : ক্লার্ক, SV., পিওন, গ্রাউন্ড স্টাফ, অন্যান্য। M : 8695726932
SA(A)

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073.
SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

স্কুল-কলেজ-শিক্ষা

**হোটেল ম্যানেজমেন্ট**
৫ মাসের কোর্স শেষে বিদেশে চাকরি গ্যারান্টি। প্রত্যেক ব্যাচে প্রথম ৪ জন ছাত্র-ছাত্রী বিদেশে প্লেসমেন্ট ফ্রি। ভর্তি ও নতুন ব্যাচ প্রতি মাসে। 033-40611693, 8420227569 log on: www.fshm.co.in
D

**১১টি চাকরিতে নিজে সফল**
S.B. Sir. শিয়ালদহ, বেলঘড়িয়া, MATHS, G.K, G.I-SSC, RAIL, WBCS, BANK, Monthly-500/- 8017818422, 9874742273.
SH(S)

রূপসী কলেজ অফ বিউটি - উৎকর্ষ বাংলার সহযোগিতায় সম্পূর্ণ বিনামূল্যে ফার্নিচার প্রশিক্ষণে ভর্তি চলছে। আসন সংখ্যা সীমিত। কোর্স শেষে সরকারি সার্টিফিকেট প্রদান ও স্ব-নির্ভরশীল হওয়ার সুযোগ। বিশদ জানতে যোগাযোগ করুন - 9083922253, 03228-239194. ঠিকানা: জয়কৃষ্ণপুর, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর। আবেদনের শেষ তারিখ-15.12.19. www.rupasicollege.org
D

**SSC, NET ভূগোল EVS**
TET, ডি শঙ্করের সেরা কোচিং। কোর্স মেটিঃ সোনারপুর, শিয়ালদহ, বেলঘরিয়া, বেলুড়। 9836159037.
SH

**SSC- ইতিহাস**
Upper, IX-X, XI-XII, অল্প প্রশ্ন বাড়িতে পড়ে সাফল্য নিশ্চিত। Ph- 9547593660 (নতুন পদ্ধতিতে)
SH (S)

**প্যারামেডিকেল ও CMS & ED কোর্স**
CMS & ED (Allopathy) DRDP (ডেন্টাল), DMLT (প্যাথলোজি) DRHP (হোমিও) DPT (ফিজিওথেরাপি) ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস- শনি ও রবি, কেরিয়ার একাডেমি অফ মেডিকেল, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলকাতা- 84. 8272911322, 7044716334.
SA

কর্মখালি

**দমদম Airport ও মেট্রোতে 48 জন কর্মী চাই।**
সরাসরি কন্ট্রাকটরের অধীনে বিনা ডোনেশনে 5দিনে স্পট জয়েনিং। যোগ্যতা ৮ম- স্নাতক, বেতন- 16,850-48,850. PF, ESI সহ থাকা খাওয়া ফ্রি। M- 9732038226.
SA (A)

**জরুরি বিজ্ঞপ্তি**
মেট্রোরেলে সরাসরি জয়েনিং বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৬০০-৪৫,৭০০, ১৩৫ জন কর্মী চাই। PF. ESI. OT সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। যোগ্যতা ৮ম- স্নাতক। 7478310472,
SA (A)

**১০০% কাজের গ্যারান্টি**
এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন M/F চাই। ৮ম- স্নাতক বেতন 16400/- 48300/ - থাকা খাওয়া ফ্রি। Ex- আর্মিদের বিশেষ সুবিধা। M : 7551841713.
SA

স্কুল-কলেজ-শিক্ষা

**প্যারামেডিকেল ভর্তি**
যে কোনও শাখায় দ্বাদশ উত্তীর্ণদের সরাসরি DMLT, ফিজিওথেরাপী, OT টেকনিশিয়ান ও ECG কোর্সে জানুয়ারী '২০ সেশানে ভর্তি চলছে। ইন্টার্নশিপ, হোস্টেল ও প্লেসমেন্টের সহায়তা। বেহালা এ্যালায়েড, Ph- 9830662930, 8697488882/3, www.biahs.in
SH(S)

**টিচার্স ট্রেনিং কলেজ**
মহিলারা প্রি-প্রাইমারি, মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্স করুন। 21, K.B. Bose Road, বারাসাত। KGTT, ফোন-25520177, 9836184712, 8622954332.
R

**জুয়েলারি ডিজাইনিং পাঠ্যক্রম**
**An ISO 9001:2015 Academy & Govt. Regd.**
স্বামী প্রণবানন্দ জেমস্ অ্যান্ড জুয়েলারি অ্যাকাডেমি শ্রীরামপুরে শুরু হচ্ছে প্রফেশনাল জুয়েলারি ডিজাইনিং শীর্ষক পাঠ্যক্রম। মেয়াদ ১বছর। সপ্তাহে তিন দিন, কম্পিউটারে ক্যাড্ ডিজাইনিং সহ হাতে-কলমে ম্যানুয়াল ডিজাইনিং প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শুরু ১৮ই জানুয়ারি, ২০২০। যোগ্যতা মাধ্যমিক পাশ। মোট আসন: ২০। প্রশিক্ষণ শেষে সুনিশ্চিত কর্মসংস্থান। যোগাযোগ: ৩৩/এ ঠাকুরদাস বাবু লেন, বৃন্দাবন অ্যাপার্টমেন্ট, শ্রীরামপুর, হুগলী।
Web: www.spgja.com
ভর্তির পূর্বে ISO সহ সরকারি রেজিস্ট্রেশান অবশ্যই দেখে নিন।
**M: 8910601053/ 8100507227/9903055848**

**সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**
**অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম**
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT , পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)
**(১) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট**
**(২) অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান**
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)
কোর্সের মেয়াদকাল : ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।
বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি : ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য
স্টাইপেন্ড : ১,০০০ টাকা।
**প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।**
ট্রেনিং সেন্টার : সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ :
8622980053, 9875579240
email: hr.susrut@gmail.com
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)
হোস্টেলের ব্যবস্থা আছে

## রাজ্য সরকারে মোটর ভেহিকল ইন্সপেক্টর

১ পাতার পর

শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি ও পাহাড়ি এলাকার প্রার্থীদের বেলায় ১৬০) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি। মোটর মেকানিজম ও ড্রাইভিংয়ের কাজে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ১৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৯, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, মেধাবী খেলোয়াড় ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 32/2019.

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন'। প্রথমে স্ক্রিনিং টেস্ট / লিখিত পরীক্ষা হবে। সফল হলে ইন্টারভিউ। পরীক্ষার তারিখ ঠিক হলে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) সায়েন্স ও হিউম্যানিটিজ -সহ জেনারেল স্টাডিজ ৭৫টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক ২৫টি প্রশ্ন। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে দেড় ঘন্টা। এরপর হবে ৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৩০ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in, www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ৩১ ডিসেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন, ৩০ ডিসেম্বরের মধ্যে।

## জীবনবিমায় ৩৫ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ২৩ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩২,৮১৫-৬৬,৬৭০ টাকা। শুরুতে ১ মাসের প্রবেশন। শূন্যপদ : ৩৫টি। এর মধ্যে ছত্তিশগড়ে ১, মধ্যপ্রদেশ ১, বিহার ১, ওড়িশা ১, অসম ১, পশ্চিমবঙ্গ ২টি, উত্তরপ্রদেশ ৪, দিল্লি ৩, রাজস্থান ১, চণ্ডীগড় ১, কর্ণাটক ৪, আন্ধ্রা প্রদেশ ১, তেলেঙ্গানা ২, কেরালা ১, তামিলনাড়ু ৫, গুজরাত ১, মহারাষ্ট্র ৫।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২৭ জানুয়ারি। পরীক্ষা হবে কলকাতা, শিলিগুড়ি, রাঁচী, আগরতলা, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বরে। ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) লজিক্যাল রিজনিং, (৩) জেনারেল অ্যাওয়ারনেস, (৪) পেশাগত জ্ঞান। প্রতিটি পার্টে ৫০ নম্বরের ৫০টিপ্রশ্ন থাকবে। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। সফল হলে এরপর হবে ইন্টারভিউ। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.lichousing.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও সাদা কাগজে নিচের অংশটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করবেন 'I........... (Name of the candidate), hereby declare that all the information sumitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, ময়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন। প্রার্থী বাছাই পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ইত্যাদি নিয়ে যাবেন।

## ক্লার্কশিপ পরীক্ষা হবে জানুয়ারিতে

১ পাতার পর

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান দেবাশিস বসু জানান, নবান্ন থেকে সবুজ সঙ্কেত পাওয়া গেছে। তাই পরীক্ষা নেওয়ার জন্য জোর কদমে প্রস্তুতি নেওয়া চলছে। এই পরীক্ষা জানুয়ারি মাসের শেষের দিকে হওয়ার সম্ভাবনা আছে। এখন শূন্যপদের সংখ্যা ৩ হাজার ৬০০ জনের কাছাকাছি। তবে এই শূন্যপদ বেড়ে ৪ হাজার হওয়ার সম্ভাবনা। দরখাস্তকারীর সংখ্যা প্রায় সাড়ে ৭ লাখ।

২০১৯ সালের এই ক্লার্কশিপ' পরীক্ষা হবে দু'টি ব্যাচে, দু'টি হাফে। এইসব কেন্দ্রে : উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, বারুইপুর, ডায়মন্ডহারবার, ব্যারাকপুর, বারাসাত, কৃষ্ণনগর, হাওড়া, চুঁচুড়া, বর্ধমান, আসানসোল, পুরুলিয়া, মেদিনীপুর, তমলুক, ঝাড়গ্রাম, বাঁকুড়া, সিউড়ি, বহরমপুর, মালদা, বালুরঘাট, রায়গঞ্জ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, শিলিগুড়ি, কালিম্পং, দার্জিলিং। দার্জিলিং কেন্দ্রটি একমাত্র দার্জিলিং জেলার পার্বত্য আদিবাসী ও দার্জিলিং সদর, কার্শিয়াঙ আর কালিম্পং মহকুমার প্রার্থীদের।

লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা।

দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা। প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে।

প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার। জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। দু'টি পার্টের পরীক্ষা একই দিনে হবে।

চূড়ান্ত তালিকা তৈরির সময় পার্ট-ওয়ান, পার্ট-টু ও কম্পিউটার টেস্টের নম্বর ধরা হবে। ইন্টারভিউ নেই। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

পশ্চিমবঙ্গ পুলিশে 'সাব-ইন্সপেক্টর (আনআর্মড)' ও 'সাব-ইন্সপেক্টর (আর্মড)' পদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) জেনারেল স্টাডিজ- ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **গোপাল দেওঘরিয়া।**

## GENERAL STUDIES

1. কেরালার ক্যাথলিক সন্ন্যাসিনী মারিয়াম থ্রেসিয়াকে সন্ত ঘোষণা করা হয় কবে থেকে?
(A) 5 জুন (B) 2 মে
(C) 13 অক্টোবর (D) 6 অক্টোবর

2. মহেন্দ্র ও কল্যাণী কোন উপন্যাসের চরিত্র?
(A) আনন্দমঠ (B) পল্লীসমাজ
(C) চরিত্রহীন (D) শ্রীকান্ত

3. ইচ্ছামতী উপন্যাসের ঔপন্যাসিক কে?
(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (B) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (C) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (D) মানিক বন্দ্যোপাধ্যায়

4. কোন ধারণাটি স্থিতিশীল উন্নয়নের ধারণার অঙ্গ নয়?
(A) চাহিদা (B) যোগান
(C) সীমাবদ্ধতা (D) কোনোটি নয়

5. সূর্য থেকে আগত অতিবেগুনী রশ্মি শোষণ করে কোন স্তর?
(A) ওজোনোস্ফিয়ার (B) মেসোস্ফিয়ার
(C) ট্রপোস্ফিয়ার (D) থার্মোস্ফিয়ার

6. প্রথম ভারতীয় হিসেবে রবীন্দ্রনাথ সাহিত্যে নোবেল পান কত সালে?
(A) ১৯১০ (B) ১৯২৪ (C) ১৯৩১ (D) ১৯১৩

7. এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
(A) জি এম চাগলা (B) স্যার উইলিয়াম জোন্স
(C) রামমোহন রায় (D) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

8. ভারতের প্রথম বেসরকারি ট্রেন তেজস এক্সপ্রেসের উদ্বোধন হল কবে?
(A) 2 মে (B) 6 জুলাই
(C) 4 অক্টোবর (D) 3 নভেম্বর

9. 'কাগজের বউ' লিখেছেন কোন সাহিত্যিক?
(A) শংকর (B) শীর্ষেন্দু মুখোপাধ্যায়
(C) বিষ্ণু দে (D) সমরেশ বসু

10. 'চোখের বালি' চলচ্চিত্রটির পরিচালক কে?
(A) মৃণাল সেন (B) ঋত্বিক ঘটক
(C) ঋতুপর্ণ ঘোষ (D) তরুণ মজুমদার

11. প্রাকৃতিক গ্যাসের মূল উপাদান কী?
(A) $O_2$ (B) বিউটেন (C) $H_2$ (D) মিথেন

12. মাইটোকনড্রিয়াকে কী বলা হয়?
(A) কোশের শক্তিঘর (B) উদ্ভিদের আকর্ষী (C) কাণ্ডজ মূলের কেন্দ্র (D) সালোকসংশ্লেষের কেন্দ্রস্থল

13. এশিয়ার দীর্ঘতম অন্তর্বাহিনী নদীর নাম কী?
(A) আমাজন (B) গঙ্গা (C) আমদুরিয়া (D) যমুনা

14. মিশি ও দাফলা ভাষা প্রচলিত আছে কোন প্রদেশে?
(A) গুজরাত (B) বিহার
(C) উত্তর প্রদেশ (D) অরুণাচল প্রদেশ

15. জলসঞ্চয়ী কোশ থাকে কোন উদ্ভিদের কাণ্ডে?
(A) আম (B) ফণীমনসা
(C) দু'টিতেই (D) কোনোটিতে নয়

16. হলুদ বিপ্লব কথাটি কিসের সঙ্গে সম্পর্কিত?
(A) হলুদ চাষ (B) নীল চাষ
(C) মৎস্য চাষ (D) তৈলবীজ চাষ

17. প্রথম অজৈব যৌগ থেকে জৈব যৌগ প্রস্তুত করেন কোন বিজ্ঞানী?
(A) ভোলার (B) বার্জেলিয়াস
(C) লেমেরি (D) কেউই নন

18. নীচের কোন তথ্য সঠিক নয়?
(A) মিথোজীবী উদ্ভিদ হল রাইজোবিয়াম (B) অবৃন্তক পাতা শিয়ালকাঁটা (C) মাটির জৈব উপাদান হিউমাস (D) সবক'টি সঠিক

19. কোরিয়া প্রণালী কোন কোন দেশকে আলাদা করেছে?
(A) তিব্বত ও চিন (B) চিন ও জাপান
(C) ভুটান ও চিন (D) চিন ও ভারত

20. জগন্নাথ সিং কোন বিদ্রোহের নেতা ছিলেন?
(A) চুয়াড় বিদ্রোহ (B) মহা বিদ্রোহ
(C) কোল বিদ্রোহ (D) কোনোটি নয়

21. রামকৃষ্ণ মঠ ও মিশনের বর্তমান প্রেসিডেন্ট মহারাজা কে?
(A) স্বামী শিবময়ানন্দ (B) স্বামী সুধীরানন্দ
(C) স্বামী স্মরণানন্দ (D) স্বামী সুপর্ণানন্দ

22. সবুজগ্রন্থি কী?
(A) ব্যাঙের জননতন্ত্র (B) চিংড়ির রেচনতন্ত্র
(C) কুমীরের গমনঅঙ্গ (D) কোনোটি নয়

23. ভারতের কোন রাজ্যে এই প্রথম মেগা ফুড পার্ক চালু হল?
(A) তেলেঙ্গানা (B) বিহার (C) গুজরাত (D) পশ্চিমবঙ্গ

24. কৃত্রিম উপায়ে তৈরি প্রথম জৈব যৌগটি কী?
(A) ইউরিয়া (B) বেঞ্জিন
(C) মিথেন (D) ল্যাকটিক অ্যাসিড

25. 'বর্তমান ভারত' কার বিখ্যাত রচনা?
(A) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (B) শ্রীরামকৃষ্ণ
(C) সুভাষচন্দ্র বসু (D) স্বামী বিবেকানন্দ

26. ন্যানো মিটার যন্ত্র দিয়ে কী পরিমাপ করা হয়?
(A) বায়ুর চাপ (B) সমুদ্রের গভীরতা
(C) গ্যাসের চাপ (D) কোনোটি নয়

27. নীচের কোনটি চকরার উপজাত দ্রব্য?
(A) আলকাতরা (B) ক্রিয়োজেট
(C) ন্যাপথলিন (D) সবক'টি

28. কোন উদ্ভিদের মূলে মুকুল দেখা যায়?
(A) পটল (B) আম (C) জাম (D) কোনোটি নয়

29. সিটা কার গমন অঙ্গ?
(A) অ্যামিবা (B) কেঁচো (C) হাইড্রা (D) স্পঞ্জ

30. ত্রিপক্ষল পাতার উদাহরণ নীচের কোনটি?
(A) তেঁতুল (B) লজ্জাবতী (C) সজনে (D) গাজর

31. ছন্দের যাদুকর নামে পরিচিত কোন বাঙালি কবি?
(A) বিষ্ণু দে (B) সমর সেন
(C) নীরেন্দ্র নাথ চক্রবর্তী (D) সত্যেন্দ্রনাথ দত্ত

32. জলে অদ্রাব্য সমযোগী যৌগ কোনটি?
(A) চিনি (B) ইউরিয়া (C) ইথানল (D) বেঞ্জিন

33. জাঠ বিদ্রোহ ঘটেছিল কত সালে?
(A) ১৮০৮ সালে (B) ১৬৬৯ সালে
(C) ১৭৬৪ সালে (D) ১৭০৭ সালে

34. কোন জাতীয় কয়লায় তাপনমূল্য সব থেকে বেশি?
(A) লিগনাইট (B) পিট
(C) অ্যানথ্রাসাইট (D) বিটুমিনাস

35. নীচের কোন জোড়াটি ভুল?
(A) থ্যালাসেমিয়া দিবস — 11 মে (B) শিশুদিবস — 14 নভেম্বর (C) জাতীয় যুবদিবস — 12 জানুয়ারি (D) সবই সঠিক

36. কালাজ্বরের ওষুধ তৈরিতে কী ব্যবহৃত হয়?
(A) অ্যামোনিয়া (B) ইউরিয়া
(C) দু'টিই (D) কোনোটি নয়

37. The Art of the Essayist এর প্রাবন্ধিক কে?
(A) A C Benson (B) Robert Lynd
(C) Ruskin Bond (D) R N Tagore

38. লাইকার অ্যামোনিয়াতে শতকরা অ্যামোনিয়ার পরিমাণ কত?
(A) 35% (B) 33% (C) 88% (D) 50%

39. ২০১৯ সালে কোন ভারতীয় মহিলা পুলিশ অফিসার এশিয়া সোসাইটি গেম চেঞ্জার পুরস্কার পেলেন?
(A) IPS অন্তরা দত্ত (B) IPS কাঞ্চন ভার্মা
(C) IPS ছায়া শর্মা (D) IAS শীলা সেন

40. সূর্যের শক্তির মূল উৎস কী?
(A) নিউক্লিও বিভাজন (B) নিউক্লিয় সংযোজন (C) নিউক্লিয় সংযোজন ও নিউক্লিয় বিয়োজন (D) কোনোটি নয়

41. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম কত সালে?
(A) ১৮১১ (B) ১৮২৪ (C) ১৮২০ (D) ১৮০৮

42. NCERT প্রতিষ্ঠা হয় কত সালে?
(A) 1906 (B) 1961 (C) 1911 (D) 1955

43. পোঙ্গল কোন রাজ্যের আঞ্চলিক উৎসব?
(A) বিহার (B) অন্ধ্র প্রদেশ (C) গুজরাত (D) উত্তর প্রদেশ

44. বিশ্ব পরিবেশ দিবস আমরা কবে পালন করি?
(A) 5 জুন (B) 7 মে (C) 2 জুলাই (D) 10 নভেম্বর

45. চিনের পারদ-সংকর ব্যবহার করা হয় কীসে?
(A) চশমা তৈরিতে (B) বিজারক হিসেবে
(C) আয়না তৈরিতে (D) থার্মোমিটার তৈরিতে

46. রূপদর্শী কোন লেখকের ছদ্মনাম?
(A) গৌরকিশোর ঘোষ (B) বিমল কর (C) বিমল মিত্র (D) সমরেশ বসু

47. বন সংরক্ষণ আইন পাশ হয় কত সালে?
(A) 1980 (B) 1974 (C) 1922 (D) 1999

48. ভূপাল গ্যাস দুর্ঘটনা ঘটেছিল কোন গ্যাস নির্গত হওয়ার ফলে?
(A) CFC (B) $H_2SO_4$ (C) MIC (D) সবই

49. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কত তারিখে?
(A) 5 মে (B) 2 জুন (C) 5 সেপ্টেম্বর (D) 5 জুন

50. বাবরের প্রার্থনা লিখেছেন কোন কবি?
(A) জয় গোস্বামী (B) শঙ্খ ঘোষ (C) বিষ্ণু দে (D) সমর সেন

## ARITHMETIC

51. 4 : 7 = 12 : x এই সম্পর্ক থেকে x এর মান কত হবে?
(A) 20 (B) 21 (C) 22 (D) 13

52. বার্ষিক 4% হার সুদে 40,000 টাকায় 2 বছরের সুদ কত?
(A) 4,800 টাকা (B) 4,000 টাকা (C) 3,400 টাকা (D) 1,200 টাকা

53. নীচের কোন বক্তব্যটি সঠিক?
(A) অর্ধগোলকের পার্শ্বতলের ক্ষেত্রফল $= 2\pi r^2$ বর্গ একক (B) দু'টি সংখ্যার গ.সা.গু × ল.সা.গু = সংখ্যা দু'টির গুণফল (C) অর্ধগোলকের ঘনফল $= \frac{2}{3}\pi r^3$ ঘন একক (D) সবই সঠিক

54. (a+b+c) এর ঘন নির্ণয় করলে হবে —
(A) $(a^3+b+c)(b^3+c^3)(a^3+b^3)(a+b+c)$ (B) $a^3+ab+b^3+bc+ca+c^2+bc+b$ (C) $a^3+b^3+c^3+3abc+3bca+3cab+a^3b^3c^3$ (D) $a^3+b^3+c^3+3a^2b+3ab^2+3a^2c+3ac^2+3b^2c+3bc^2+6abc$

55. 6 জন লোক একটি কাজ 30 দিনে করতে পারে। 20 জন লোক ওই কাজ কতদিনে করতে পারবে?
(A) 4 দিনে (B) 9 দিনে (C) 6 দিনে (D) 8 দিনে

56. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15 মিটার 5 ডেসিমিটার ও প্রস্থ 8 মিটার 7 ডেসিমিটার। আয়তক্ষেত্রটির পরিসীমা কত?
(A) 48 মিটার 4 ডেসিমিটার (B) 355 ডেসিমিটার
(C) 44 মিটার 44 ডেসিমিটার (D) 490 ডেসিমিটার

57. 1 – 100 পর্যন্ত অঙ্ক সংখ্যা ক'টি?
(A) 100 টি (B) 200 টি (C) 192 টি (D) 300 টি

58. $x^8 + x^4y^4 + y^8$ কে $x^4 + x^2y^2 + y^2$ দিয়ে ভাগ করলে নির্ণেয় ভাগফল = কত?
(A) $x - xy + y$ (B) $x^2 - x^2y^2 + y - 4$
(C) $x^4 - x^2y^2 + y^4$ (D) $x - y$

59. যুগ্ম মৌলিক সংখ্যার সঙ্গে কত গুণ করলে গুণফল 1000 হবে?
(A) 500 (B) 499 (C) 411 (D) 501

60. 6 জন একটি কাজ 18 দিনে করতে পারে। 3 জন বেশি লোক কাজ করলে কাজটি কতদিনে শেষ হবে?
(A) 11 দিনে (B) 10 দিনে (C) 12 দিনে (D) 8 দিনে

61. $a + b = 2$ হলে $a^3 + b^3 + 6ab$ এর মান কত?
(A) 8 (B) 4 (C) –2 (D) 5

62. x ও y যথাক্রমে 3,000 টাকা ও 1,000 টাকা দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করল। যদি বছর শেষে 800 টাকা লাভ হয়, x কত টাকা পাবে?
(A) 600 টাকা (B) 700 টাকা (C) 400 টাকা (D) 800 টাকা

63. $(64)^3 \times 3 \times (64)^2 \times 36 + 3 \times 64 \times (36)^2 + (36)^3$ এর মান কত?
(A) 1 (B) 12643464 (C) 1000000 (D) 64366436

64. 4 জন একটি কাজ 9 দিনে করতে পারে। 12 জন কাজটি কত দিনে করতে পারবে?
(A) 3 দিনে (B) 4 দিনে (C) 8 দিনে (D) 6 দিনে

65. $2a - \frac{2}{a} = 3$ হলে $8a^3 - \frac{8}{a^3}$ এর মান কত?
(A) 60 (B) 21 (C) 41 (D) 63

66. বার্ষিক 3% হার সুদে 4,000 টাকার 4 বছরের সুদ কত?
(A) 600 টাকা (B) 700 টাকা (C) 480 টাকা (D) 410 টাকা

67. $x^3 - 1, x^4 - 1, x^4 + x^2 + 1$ এদের ল.সা.গু কত?
(A) $(x^2 - 4)(x^2 - 3)(x^2 - 2)(x^2 - 1)$ (B) $(x - 1)(x + 1)(x^2 + 1)(x^2 + x + 1)(x^2 - x + 1)$ (C) $(x^2 - 1 + x)(x^2 - 2x + 1)(x + 1)$ (D) $(x + 1)(x^2 - 2)(x^2 - 2)(x + 1)(x - 1)$

68. নীচের কোনটি সঠিক নয়?
(A) শুদ্ধ করণী $\sqrt{17}$, $\sqrt{11}$ (B) সদৃশ করণী $3\sqrt{2}$, $4\sqrt{3}$ (C) মিশ্র করণী $2\sqrt{3}$, $3\sqrt{5}$ (D) সবই সঠিক

69. $x + y = 5$ ও $xy = 4$ হলে $x^3 + y^3$ এর মান কত?
(A) 45 (B) 55 (C) 65 (D) 95

70. গোলকের ঘনফল = ?
(A) $\frac{\sqrt{3}}{4}\pi^3 h$ ঘন একক (B) $\sqrt{3}\, h\pi\, 2\sqrt{3}$ ঘন একক (C) $\frac{3}{4}\pi h^3$ ঘন একক (D) $\frac{4}{3}\pi r^3$ ঘন একক

71. $a^4 + a^2b^2 + b^4$ কে $a^2 - ab + b^2$ দিয়ে ভাগ করলে নির্ণেয় ভাগফল = ?
(A) $a + b - a$ (B) $a^2 + ab + b^2$ (C) $a^2 - ab + b^3$ (D) $a^2 - b^2$

72. বার্ষিক 6% হার সুদে 6,000 টাকায় 2 বছরের সুদ কত?
(A) 810 টাকা (B) 720 টাকা (C) 900 টাকা (D) 400 টাকা

73. $p^3 + q^3 = 152$ ও $p + q = 8$ হলে pq এর মান কত?
(A) 15 (B) 8 (C) – 3 (D) 0

74. A : B = 3 : 4 ও B : C = 6 : 5 হয় তাহলে A : B : C এর মান কত?
(A) 1 : 9 : 7 (B) 9 : 7 : 3 (C) 4 : 7 : 9 (D) 9 : 12 : 10

75. শঙ্কুর ঘনফল
(A) $\sqrt{3}\,\pi^3 r^3 h^3$ ঘন একক (B) $\frac{1}{3}\pi r^2 h$ ঘন একক (C) $2\sqrt{3}\,\pi r^2 h$ ঘন একক (D) $3\sqrt{2}\, h\pi^3$ ঘন একক

## LOGICAL & ANALYTICAL REASONING

76. Grand Old Man of India : দাদাভাই নওরোজি : : The Lady with the Lamp : (?)
(A) সিস্টার নিবেদিতা (B) মাদার টেরিজা
(C) সরোজিনী নাইডু (D) ফ্লোরেন্স নাইটিংগেল

77. নীললোহিত : সুনীল গঙ্গোপাধ্যায় : : বনফুল : (?)
(A) বলাইচাঁদ মুখোপাধ্যায় (B) বিষ্ণু দে
(C) সমরেশ মজুমদার (D) মোহিতলাল মজুমদার

78. পদাতিক কবি : সুভাষ মুখোপাধ্যায় : : চারণ কবি : (?)
(A) মুকুন্দ দাস (B) বিষ্ণু দে (C) মালাধর বসু (D) ভারতচন্দ্র

79. BANK : ACCOUNT : : SCHOOL : (?)
(A) Agreement (B) Admission (C) Loan (D) Education

80. BMOH : Hospital : : VC : (?)
(A) School (B) Nursery School (C) University (D) Airport

81. 24213 : 48 : : 23415 : (?)
(A) 84 (B) 120 (C) 98 (D) 220

82. শেষ নমস্কার : সন্তোষকুমার ঘোষ : : বাড়ি বদলে যায় : (?)
(A) বিমল মিত্র (B) সমর ঘোষ (C) রমাপদ চৌধুরী (D) অরুণ মিত্র

83. বিশ্ব শ্রমদিবস : 1 MAY : : বিশ্ব ভাষা দিবস : (?)
(A) 1 June (B) 21 February (C) 3 March (D) 4 July

84. মেঘে ঢাকা তারা : ঋত্বিক ঘটক : : বাইশে শ্রাবণ : (?)
(A) ঋতুপর্ণ ঘোষ (B) সত্যজিৎ রায় (C) অপর্ণা সেন (D) মৃণাল সেন

85. 43427 : 54538 : : 32124567 : (?)
(A) 43235678 (B) 32126767 (C) 33314608 (D) 6487234

☞ এরপর ৮ পাতায়

১৩২ পাতার দাম ১০ টাকা
নভেম্বর সংখ্যা বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কর্মখালি

কোম্পানীতে জরুরি ভিত্তিতে স্থায়ী ও উচ্চ পদে ১০৬ জন M/F আবশ্যক। (মাধ্যমিক +, অনূর্ধ-৩০) আয়-10000/-19800/-. থাকা ফ্রি। 7003607387, 9051860399,

SG

Aqurvent career-র মাধ্যমে সার্ভের জন্য লোক নিয়োগ করা হচ্ছে নিজস্ব এলাকায়। নূন্যতম যোগ্যতা মাধ্যমিক পাশ। বেতন-9,360/- (M): 6296192334.

N

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃ বঙ্গের প্রতিটি জেলায় শূন্যপদ - ৭৩। 3 Star এবং 5 Star হোটেল-ডোনেশন ছাড়া কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- 18792/- M - 8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

### আর্জেন্ট ভ্যাকেন্সি

২৩টি জেলায় নার্সিংহোম, টাওয়ার Co., ATM গার্ড ও ব্যাঙ্ক (DSA)-তে কাজের কর্মী চাই। (12500/- 18900/-). Mob-7719152618

SA

### Urgent Requirement

for Female Telecallers. Inbound process. Direct recruitment in kolkata. H.S. Passed, age upto 35. Salary 12,000-14,000+ incentive. Call/Whatsapp (9am-9pm) : 9635666060.

R

### SBI, VODA ও JIO 4G ONLINE

বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F স্পট জয়েনিং চলছে। বেতনঃ 12,850 + থাকার সুব্যবস্থা। প্রয়োজনে অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। দমদম : 8420666060, গড়িয়া : 9002033880 হেড অফিস : 7365834373,

R

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

হোস্টেল / মেস/ পি.জি. for Girls Student (থাকা+খাওয়া)। বারাসাত, উত্তর ২৪ পরগনা। Call @ 8972046553.

R

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### বিজ্ঞপ্তি

**ICDS প্রকল্পে (SAG-KANYSHREE)**
বর্ধমান ২, পূর্ব বর্ধমান, মেমারী ১; গলসী ১, খণ্ডঘোষ ব্লকে

- VACANCY- Coordinator- 4, Facilitator- 9
- Posting- CDPO Office
- Salary- 10,000/-, 6000/- pm

Cont. 7872529875, 7908667287

সম্পাদক, অ্যানিমেট সোসাইটি, M: 9732047353

আর্জেন্ট ভ্যাকান্সি এয়ারপোর্ট ও P.V.T ব্যাঙ্ক, কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা অনুযায়ী। পদ অনুযায়ী- 8695484515.

SA

### স্থায়ী চাকরি

পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত সংস্থাতে স্বনির্ভর প্রকল্পে 48 জন যুবক-যুবতী নিয়োগ চলছে। বয়স: 18-30. যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, আয়: 5500-15500-35500 প্রতিমাসে + প্রমোশন। বায়োডাটাসহ যোগাযোগ
দমদম : 8334850487,
বেহালা : 8336889469,
শিলিগুড়ি : 8910100788,
জলপাইগুড়ি : 7085075349,
কালিম্পঙ : 9002455329.

SG

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক + অনুর্ধ্ব 30) 120 জন M/F চাই। আয়: 10500/- + থাকা ফ্রী। কলকাতা: 8697565808.

SG


**এক জানালায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122 9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**

Anthems Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349 8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে - 9874922004


## বায়ুসেনাতে অফিসার

১ পাতার পর

পায়ের মাপ হতে হবে লম্বায় ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে, থাইয়ের দৈর্ঘ্য ৬৪ সেমি, সিটিং হাইট ৮১.৫ থেকে ৯৬ সেমির মধ্যে আর দৃষ্টিশক্তি দরকার এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। শূন্যপদ : ৬০টি। নেওয়া হবে 209/21F/SSC/M &W.

**গ্রাউন্ড ডিউটি(নন-টেকনিক্যাল) ব্রাঞ্চে নেওয়া হবে এইসব শাখায়:**

**অ্যাডমিনিস্ট্রেশন** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে গ্র্যাজুয়েটরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/৯ যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা দরকার CP-I. শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ২৪টি ও শর্ট সার্ভিস কমিশনে ১৬টি।

**লজিস্টিক্স** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে গ্র্যাজুয়েটরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ১২টি ও শর্ট সার্ভিস কমিশনে ৮টি।

**অ্যাকাউন্টস** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ১৪টি ও শর্ট সার্ভিস কমিশনে ১০টি।

জন্ম-তারিখ হতে হবে ১-১-২০২১'র হিসাবে ২০ থেকে ২৬ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৫ থেকে ১-১-২০০১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের বেলায় ১৫৭.৫ সেমি ও মেয়েদের বেলায় ১৫২ সেমি। চাকরি হবে 208/21G/PC/M & 208/21G/SSC/M&W.

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব শাখায় :**

**অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স )** : ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। এছাড়াও নিচের এইসব ট্রেডে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৪ বছরের ডিগ্রি বা, ইন্টিগ্রেটেড পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হতে হবে : কমিউনিকেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স / টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স / টেলিকমিউনিকেশন (মাইক্রোওয়েব), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি। শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ৪০টি ও শর্ট সার্ভিস কমিশনে ২৬টি।

**অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)** : ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। এছাড়াও নিচের এইসব ট্রেডে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৪ বছরের ডিগ্রি বা, ইন্টিগ্রেটেড পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হতে হবে : অ্যারোস্পেস, অ্যারোনটিক্যাল, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেন্টেন্যান্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং।

বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ২০ থেকে ২৬ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৫ থেকে ১-১-২০০১'এর মধ্যে। শুরুতে ৭৪ সপ্তাহের ট্রেনিং শুরু হবে ২০২১ সালের জানুয়ারিতে হায়দরাবাদের এয়ার ফোর্স অ্যাকাডেমিতে, ফ্লাইট ক্যাডেট হিসাবে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৮,০০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি। ট্রেনিংয়ে সফল হলে 'ফ্লাইং অফিসার' পদে চাকরি। তখন মূল মাইনে : ১৫,৬০০-৩৯,১০০ টাকা। শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ২৩টি ও শর্ট সার্ভিস কমিশনে ১৬টি। চাকরি হবে 208/21T/PC/M, 208/21T/SSC/M & W.

**এন.সি.সি. স্পেশাল এন্ট্রি (ফ্লাইং ব্রাঞ্চ) : অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। সব ক্ষেত্রে এন.সি.সি.'র এয়ার উইং সিনিয়র ডিভিশনে 'সি' সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/৯ যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা দরকার CP-I. চাকরি হবে 209/21F/PC/M, 209/21F/SSC/M&W.

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের 'এয়ারফোর্স এন্ট্রান্স টেস্ট (AFCAT)' ও 'ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্ট (EKT)' হবে। পরীক্ষা হবে ২২/২৩ ফেব্রুয়ারি কলকাতা, কলাইকুন্ডা (খড়গপুর), গুয়াহাটি, সালুয়া (খড়গপুর), হাসিমারা, শিলং এয়ারফোর্স ক্যাম্পে। ২ ঘন্টার ৩০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : ভার্বাল এবিলিটি ইন ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি, রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড অ্যাপ্টিটিউড, মিলিটারি অ্যাপ্টিটিউট টেস্ট।

ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স সংক্রান্ত ১৫০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৪৫ মিনিট।

সফল হলে এয়ারফোর্স সিলেকশন বোর্ডের পরীক্ষা হবে দেরাদুন, মাইশোর ও বারাণসীতে। এই টেস্টে প্রথম পর্যায়ে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ। দ্বিতীয় পর্বের পরীক্ষার পর 'ফ্লাইং ব্রাঞ্চে'র জন্য পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্ট ও 'টেকনিক্যাল ব্রাঞ্চে'র জন্য ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্ট হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.careerairforce.cdac.in, https://afcat.cdac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন ১০ থেকে ৫০ কে.বি'র মধ্যে। আরো বিস্তারিত তথ্য জানতে ফোন করুন এই নম্বরে : (011) 23010231, 020-25503105, 020-25503106.

## ১২ মাল্টি টাস্কিং স্টাফ

ইনস্টিটিউট অফ উড সায়েন্স মাল্টি টাস্কিং স্টাফ পদে ১২ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৬-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১২টি (জেনাঃ ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বর, জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বর, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট ২৫ নম্বর, জেনারেল ইংলিশ - ২৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন সাধারণ A-4 মাপের কাগজে, নির্দিষ্ট বয়ানে। বয়ান পাবেন এই ওয়েবসাইটে : http://iwst.icfre.gov.in তখন সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল। এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ৩ পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), ৩০০ টাকার ডিমান্ড ড্রাফট। 'Director, Institute of Wood Science and Technology'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Bengaluru'. তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না।

## পুরসভায় ১২ মজদুর, ক্লার্ক

কাটোয়া পুরসভা মজদুর, দারোয়ান, পিওন ও হেল্পার পদে ১২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে মজদুর, দারোয়ান, পিওন ও হেল্পার পদের জন্য যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : মজদুর পদে ৭টি (জেনাঃ ৩, জেনাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ই.সি. ১)। পিওন ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১)। হেল্পার ১টি (জেনাঃ ই.সি.)। দারোয়ান ১টি (তঃজাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং: 280/KM/R&D Sec, Date; 02-12-2019.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.katwamunicipality.info তখন সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, ভোটার কার্ড বা, আধার কার্ড, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর এখনকার তোলা ও নিজের সই করা এক কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত পৌঁছনো চাই ২১ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Katwa Municipality, P.O. Katwa, Dist. Purba Burdwan.

## হিন্দুস্তান অ্যারোনটিক্সে ট্রেড অ্যাপ্রেন্টিস

হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেডের লক্ষ্ণৌ অ্যাকসেসরিজ ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে কিছু লোক নিচ্ছে। বিজ্ঞান ও অঙ্ক বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, ড্রাফটসম্যান মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

যে কোনো বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি., ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

ক্লাস এইট পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডার, শীট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

এন.সি.ভি.টি.'র দেওয়া সি.ও.পি.এ. / পি.এ.এস.এস.এ. সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

আই.টি.আই. পাশ হতে হবে ২০১৬, ২০১৭, ২০১৮ সালে। ২০১৯ সালের আই.টি.আই পাশরাও আবেদনের যোগ্য। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী ট্রেনিং হবে। ১ বছরের ট্রেনিং। বয়স হতে হবে ১৯-১২-২০১৯'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। তালিকা বেরোবে ২৪ ডিসেম্বর।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in তারপর ১০ সংখ্যার ডিজিট্যাল রেজিস্ট্রেশন নম্বর নিয়ে দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://59.89.119.210/trg কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 0522-2350955.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এয়ারপোর্ট অথরিটিতে কীভাবে জুনিয়র এক্সিকিউটিভ পদে চাকরি পেয়েছি



প্রণয় রায়

মুর্শিদাবাদ জেলার বহরমপুরের ছেলে আমি। কৃষ্ণনাথ কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাশ করার পর রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসি ও সফল হয়ে 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এ ভরতি হই। ২০১৬ সালে সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি কোর্স পাশ করি। বেসরকারি শিল্প সংস্থায় চাকরি পেয়েছিলাম, কিন্তু আগ্রহ দেখাইনি। কারণ, আমার জীবনের একমাত্র লক্ষ্য ছিল, সরকারি চাকরি। ২০১৬ সালে এয়ারপোর্ট অথরিটিতে জুনিয়র এক্সিকিউটিভ পদের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করি।

প্রস্তুতির জন্য বিষয়ের পাঠ্যবই খুঁটিয়ে পড়ার পর মডেল প্রশ্নোত্তরের সেট দেখে নিয়মিত অনুশীলন করতাম। জেনারেল স্টাডিজ বিষয়ের জন্য লুসেন্ট, আর.এস. আগরওয়ালের বই পড়েছি। সাম্প্রতিক ঘটনার জন্য নিয়মিত দৈনিক সংবাদপত্রের পাশাপাশি পড়তাম 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'. ওই বছরের সেপ্টেম্বরে লিখিত পরীক্ষা হয়। ১২০ নম্বরের পরীক্ষায় ৯০ নম্বরের প্রশ্ন ছিল বিষয় সংক্রান্ত ও বাকি ৩০ নম্বরের প্রশ্ন ছিল জেনারেল স্টাডিজ বিষয়ে। নেগেটিভ নম্বর ছিল না বলে সব প্রশ্নের উত্তর দিয়েছিলাম।

লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর ইন্টারভিউয়ে ডাকা হয়। প্রস্তুতির জন্য পুরনো পড়ায় চোখ বুলিয়েছিলাম। জীবনের প্রথম ইন্টারভিউ ছিল বলে একটু চাপে ছিলাম। ইন্টারভিউ হয়েছিল নয়াদিল্লিতে, এয়ারপোর্ট অথরিটির সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৬ জন সদস্য। ৪০ মিনিটের প্রশ্নোত্তর পর্বে আমাকে মূলত সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের বিষয় থেকে প্রশ্ন করা হয়। যেমন, সয়েল মেকানিক, স্ট্রাকচারাল মেকানিক্স। চূড়ান্ত সফল হয়ে ২০১৭ সালের অক্টোবরে চাকরিতে যোগ দিয়েছি। আমার পোস্টিং হয়েছে বাগডোগরা এয়ারপোর্টে। এক্সিকিউটিভ পদের মূল কাজ হল এয়ারপোর্টের সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত বিষয়ের দেখভাল করা।

এই পদে চাকরি করতে করতে রাজ্য বিদ্যুৎ পর্ষদে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের মাধ্যমে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে চাকরি পেয়েছিলাম। কিন্তু যোগ দিইনি। অভিজ্ঞতা থেকে বলতে পারি, টেকনিক্যাল চাকরির পরীক্ষায় সফল হতে চাইলে নিজের ট্রেড সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। অসীম ধৈর্য ও লাগাতার প্রস্তুতি সাফল্যের একমাত্র রসায়ন।

## ডব্লু.বি.সি.এস পরীক্ষার বিষয়ে সেমিনার

পারুল অ্যাকাডেমি ফর কম্পিটিটিভ এক্সাম'এর পক্ষ থেকে পারুল ভবন সভাগৃহে নিখরচায় ডব্লু.বি.সি.এস পরীক্ষার প্রস্তুতি বিষয়ে সেমিনার হয়। প্রধান বক্তা ছিলেন বিশ্বজিৎ মুখার্জী। ডব্লু.বি.সি.এস পরীক্ষায় সফল হওয়ার নানান বিষয় নিয়ে আলোচনা করা হয়। হাজির ছিলেন সংস্থার প্রধান গৌরদাস সাহা। এই সেমিনারে কয়েকশো ছাত্রছাত্রী অংশ নিয়েছিলেন।

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

# সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের ৬টি বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এক্স-রে টেকনিশিয়ান, (২) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (৩) বেসিক হেল্থ কেয়ার কোর্স, (৪) ই.সি.জি টেকনিশিয়ান আর উচ্চমাধ্যমিক বিজ্ঞান বিভাগের ছেলেমেয়েদের জন্য : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, (২) অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্ট, (৩) রেডিওলজি টেকনিশিয়ান। আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতার ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর, সিটি সেন্টার-। সেন্টারের জন্য : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭। শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, মালদা : ৯০৫১০৫১৩০৫, দুর্গাপুর : ৯৮৭৪৮৭৪০৩০, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪, দঃ ২৪ পরগনা : ৯৮৭৪৬৪৪১১২। কোর্স ফী সবচেয়ে কম ও সকলের সাধ্যের মধ্যে। আসন সংখ্যা সীমিত।

## মা সারদা স্বনির্ভর কেন্দ্রে কর্মমুখী ট্রেনিং

রামকৃষ্ণ মঠের মা সারদা স্বনির্ভর কেন্দ্রে দু'টি কর্মমুখী কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সদু'টির নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স ও মেয়াদ হল : (১) কম্পিউটার অ্যাপ্লিকেশন। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে অন্তত ১৮ বছর। মেয়াদ : ৪০ দিন। শেখানো হবে স্পোকেন ইংলিশ, অ্যাডভান্স আই.টি স্কিল সংক্রান্ত। এই কোর্সের মূল উদ্দেশ্য হল কর্পোরেট দুনিয়ার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করানো। ট্রেনিং চলাকালীন যাতায়াত খরচ ও টিফিনের ব্যবস্থা আছে। (২) ডব্লু.বি.সি.এস ট্রেনিং। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। এই ট্রেনিংয়ে ডব্লু.বি.সি.এস পরীক্ষার জন্য প্রিলিমিনারি ও মেইন — দু'টি ক্ষেত্রেই ট্রেনিং দেওয়া হবে। ভরতির মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। ভরতির জন্য আবেদন করতে হবে নির্ধারিত বয়ানে। বয়ানের সঙ্গে দেবেন এইসব নথিপত্র : সম্পূর্ণ বায়োডাটা, আধার কার্ডের নকল, ভোটার কার্ডের নকল, বয়স ও শিক্ষগত যোগ্যতার নকল, ব্যাঙ্কের পাস বইয়ের প্রথম পৃষ্ঠার নকল, কাস্ট সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে সোমবার থেকে শুক্রবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ৩টের মধ্যে। এই ঠিকানায় : মা সারদা স্বনির্ভর কেন্দ্র, ২০ প্রাণকৃষ্ণ মুখার্জী রোড, কলকাতা - ৭০০ ০০২। ফোন : (০৩৩) ২৯৮৫ ০২২৯। ওয়েবসাইট : www.rkmswanirvar.org

## স্পোর্টস অথরিটিতে ১৩০

১ পাতার পর

শূন্যপদের সংখ্যা বদল হতে পারে।

শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা দেখে মোট শূন্যপদের দেড় গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। চাকরি হবে সারা ভারতের যে কোনো কেন্দ্রে। অন্যান্য কেন্দ্রে যাতায়াতের জন্য ভাড়া পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ডিসেম্বরের মধ্যে। কীভাবে দরখাস্ত করবেন ও কী কী প্রমাণপত্র দিতে হবে ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.sportsauthorityofindia.nic.in/saijobs

Skill India
N·S·D·C National Skill Development Corporation — Transforming the skill landscape
Orion Edutech® ISO 9001:2015 CERTIFIED — Funded Partner of NSDC

ADMISSION ANNOUNCEMENT 2020

Join
Diploma in Hospitality Management
Diploma in Hardware & Networking
Diploma in Corporate Management

Training Specifications:
- Fully Digitized Classroom
- Self Learning / Instructor Led Training
- Audio Visual based Training
- Best Industry Expert Session
- Paid On Job Training / Industrial Training*

CONTACT WITH US:
Habra: 8910255909
Barasat: 9330345032
Barrackpore: 9062414589
Chinarpark: 8240589276
Gariahat: 9674022118
Thakurpukur: 9896667153
Ultadanga: 7003702521

Our Students Working at:
ITC Royal Bengal, ITC Sonar, Taj Exotica, Avadh Utopia Club, Axis Bank, Future Group, Kochar, Writer's Information, IMax Technology, DTDC, DHFL and many more.

Financially weak candidates can start earning after 60 days*

*T&C Applied

Become a Digital Learning Associate
+91-9875607205/7044095586 nisha.v@orionedutech.in

২০২০-র মধ্যে কেন্দ্রীয় সরকারে প্রায় সাড়ে ৬ লক্ষ শূন্যপদে নিয়োগ হতে চলেছে।

জিএসসিই-তে-ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনা করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। বাড়ির কাছাকাছি জিএসসিই-র কেন্দ্রে আজই যোগাযোগ করুন। SC/ST/ OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ।

একদিনও দেরী না করে প্রস্তুতি শুরু করুন আজই।

GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

জিএসসিই-র আকর্ষণীয় কোর্সগুলি হল
WBCS — Preliminary + Main (Compulsory+ Optional) + Interview
Regular Combined — Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.
Short Time Crash Course on an Upcoming Exam
Interview, Personality Development & Grooming Course

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদের সরকারি চাকরি পাওয়ার সুযোগ জিএসসিই-র বেসিক কোর্সে পড়ুন
• SSC • Rail • Bank • SLST • TET • Police • Army
বৈশিষ্ট্য :
১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি
২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে
আসন সংখ্যা সীমিত
এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ। পারিবারিক মাসিক আয় বিবেচ্য।

স্টাফ সিলেকশন ও অন্যান্য সরকারি চাকরির পরীক্ষায় জিএসসিই-র সফল ছাত্রছাত্রীদের মধ্যে কয়েকজন




উচ্চমাধ্যমিক যোগ্যতায় CHSL পরীক্ষার ফর্ম ফিল আপ শুরু।

PSC Clerkship
পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী জানুয়ারি মাস নাগাদ। জিএসসিই-তে কমসময়ে বিশেষ প্রস্তুতির সুযোগ।

জিএসসিই-তে প্রস্তুতি চলছে জোরকদমে। নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে।

শিয়ালদহ (হেড অফিস) / ১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ / 9674087465 9051040306

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | ক্যানিং | 7031615596 | আসানসোল | 9674087475 | মালদা | 9674087472 |
| গড়িয়াহাট | 9230056665 | হাওড়া ময়দান | 9230056677, 9830342271 | দুর্গাপুর | 9674025500 | বালুরঘাট | 9230056676 |
| নেতাজীনগর | 9674087860 | বাগনান | 9674087468 | বর্ধমান | 9674025700 | রায়গঞ্জ | 8017491728 |
| বারাসাত | 9674087467 | তমলুক | 8697984951 | কোন্নগর | 9230056667 | ইসলামপুর | 9830277597 |
| ব্যারাকপুর | 9230056668 | কাঁথি | 9674140376 | তারকেশ্বর | 9830277743 | শিলিগুড়ি | 9674087473 |
| কল্যানী | 9674087469 | পশ্চমেদিনীপুর | 9230056671 | ব্যান্ডেল | 9230056669 | দার্জিলিং | 9674087821 |
| রানাঘাট | 9674083508 | ঝাড়গ্রাম | 9674087874 | কাটোয়া | 9830277230 | কালিম্পং | 9830277171 |
| কৃষ্ণনগর | 9674087470 | বাঁকুড়া | 8017491727 | বোলপুর | 9674012025 | জলপাইগুড়ি | 9674025600 |
| সোনারপুর | 9674087466 | পুরুলিয়া | 9830277820 | রামপুরহাট | 9674061397 | ধূপগুড়ি | 9830277257 |
| ডায়মন্ডহারবার | 9230056662 | | | বহরমপুর | 9674087471 | আলিপুরদুয়ার | 9674033336 |
| | | | | | | কোচবিহার | 9830277023 |
| | | | | | | দিনহাটা | 9830277698 |

Helpline : 9830277100/200/300

পরীক্ষার খুঁটিনাটি জানতে- 9231036500

উপরিউক্ত কোন একটি নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

Website : www.gsceindia.org  Toll Free No. 18001230667

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## দিল্লি মেট্রো রেলে

১ পাতার পর

ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ৩)। পোস্ট -কোড নং : RNE01.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রনিক্স** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রনিক্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স বা, মাইক্রোপ্রশেসর, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়েরও বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ২৭, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৬, প্রাঃসংকঃ ৯)। পোস্ট -কোড নং : RNE02.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / সিভিল** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৫৯টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৫, প্রাঃসংকঃ ৮)। পোস্ট -কোড নং : RNE03.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / এনভায়রণমেন্ট** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল, এনভায়রণমেন্টাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রাঃসংকঃ ১)। পোস্ট -কোড নং : RNE04.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / স্টোর্স** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। পোস্ট -কোড নং : RNE05.

**ফায়ার ইন্সপেক্টর** : তিন বছরের বি.এসসি. কোর্স পাশরা ফায়ার সেফটি কোর্স পাশ হলে যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, ওজন অন্তত ৫১ কেজি, বুকের ছাতি না -ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি। বয়স, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার A-1. শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। শুরুতে ২ বছরের প্রবেশন। পোস্ট -কোড নং : RNE06.

**আর্কিটেক্ট অ্যাসিস্ট্যান্ট** : আর্কিটেকচারের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। পোস্ট -কোড নং : RNE07.

**অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বি.সি.এ. /বি.এসসি. (ইলেক্ট্রনিক্স) /বি.এসসি. (আই.টি.) /বি.এসসি. (ম্যাথ) কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডোয়েক থেকে 'এ' লেভেল ডিপ্লোমা কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : ২৩টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২, প্রাঃসংকঃ ৩)। পোস্ট -কোড নং : RNE08.

**লিগ্যাল অ্যাসিস্ট্যান্ট** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে আইনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স, মূল মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, তঃজাঃ ১)। শুরুতে ২ বছরের প্রবেশন। পোস্ট -কোড নং : RNE09.

**কাস্টমার রিলেশন্স অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের অন্তত ৬ সপ্তাহের কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-1. শূন্যপদ : ৩৮৬টি (জেনাঃ ১৮৭, ও.বি.সি. ৫৭, তঃজাঃ ৫৮, তঃউঃজাঃ ৪৬, ই.ডব্লু.এস. ৩৮, প্রাঃসংকঃ ৫৫)। পোস্ট -কোড নং : RNE10.

**অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট** : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : ৪৮টি (জেনাঃ ২১, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৪, প্রাঃসংকঃ ৬)। পোস্ট -কোড নং : RNE11.

**স্টোর অ্যাসিস্ট্যান্ট** : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল বা, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা দু'বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ওপরের মতো। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, প্রাঃসংকঃ ১)। পোস্ট -কোড নং : RNE12.

**অফিস অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা দু'বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, জন্ম-তারিখ ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার C-1. শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, প্রাঃসংকঃ ১, প্রতিবন্ধী ১)। পোস্ট -কোড নং : RNE14.

**স্টেনোগ্রাফার** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়েল প্র্যাক্টিসের এক বছরের কোর্স পাশ হলে যোগ্য। ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে অন্তত ৮০টি ও ৪০ টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ওপরের মতো। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, প্রাঃসংকঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট -কোড নং : RNE15.

**মেন্টেনার -ইলেক্ট্রিশিয়ান** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,০০০-৮০,০০০ টাকা। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : ১০১টি (জেনাঃ ৪৯, ও.বি.সি. ১৪, তঃজাঃ ২৮, ই.ডব্লু.এস. ১০, প্রাঃসংকঃ ১৪)। শুরুতে ২ বছরের প্রবেশন। পোস্ট -কোড নং : RNE16.

**মেন্টেনার -ইলেক্ট্রনিক মেকানিক** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক, ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি, মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেশিন কাম অপারেটর, ইলেক্ট্রনিক কমিউনিকেশন সিস্টেম, মেশিন ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, রেডিও অ্যান্ড টি.ভি মেকানিক, পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেম ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : ১৪৪টি (জেনাঃ ৮৬, তঃউঃজাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১৪, প্রাঃসংকঃ ২০)। শুরুতে ২ বছরের প্রবেশন। পোস্ট -কোড নং : RNE17.

**মেন্টেনার -ফিটার** : আই.টি.আই. থেকে ফিটার, লিফট অ্যান্ড এস্কালেটর মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার B-1. শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসংকঃ ২। শুরুতে ২ বছরের প্রবেশন। পোস্ট-কোড নং : RNE18.

**সেকশন -সি রেগুলার - এক্সিকিউটিভ ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব পদে:**

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /ইলেক্ট্রিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : CE01.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /এস অ্যান্ড টি** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, আই.টি., কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। পোস্ট-কোড নং : CE02.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /আই.টি.** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ: ৭টি (জেনাঃ৫, ও.বি.সি.১, তঃজাঃ১)। পোস্ট-কোডনং: CE03.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /সিভিল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৭৩টি (জেনাঃ ৩০, ও.বি.সি. ২০, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৭)। পোস্ট -কোড নং : CE04.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /ফিনান্স** : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ: ৮টি (জেনাঃ৫, ও.বি.সি.২, তঃজাঃ১)। পোস্ট-কোডনং: CE05.

**সেকশন -এ রেগুলার এক্সিকিউটিভ ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব পদে :**

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /ইলেক্ট্রিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট -কোড নং : RE01.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /এস অ্যান্ড টি** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, আই.টি., কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। পোস্ট -কোড নং : RE02.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /সিভিল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট-কোড নং : RE03.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার / অপারেশন্স** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। পোস্ট -কোড নং : RE04.

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ স্টোর্স** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। পোস্ট -কোড নং : RE07.

**সেকশন -ডি নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে ২ বছরের চুক্তিতে নেওয়া হবে এইসব পদে :**

**জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রিক্যাল** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I, তবে A-III'র নিচে। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৭,০০০-১,১৫,০০০ টাকা। শূন্যপদ : ১২০টি (জেনাঃ ৫৪, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ১০, ই.ডব্লু.এস. ১২, প্রাঃসংকঃ ১৭)। পোস্ট -কোড নং : CNE01.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রনিক্স** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রনিক্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স বা, মাইক্রোপ্রশেসর, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়েরও বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। দৃষ্টিশক্তি A-1. বয়স, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১২৫টি (জেনাঃ ৫৮, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ১২, প্রাঃসংকঃ ১৮)। পোস্ট -কোড নং : CNE02.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / সিভিল** : সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স, দৃষ্টিশক্তি, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১৩৯টি (জেনাঃ ৬১, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ১৩, প্রাঃসংকঃ ২০)। পোস্ট -কোড নং : CNE03.

**আর্কিটেক্ট অ্যাসিস্ট্যান্ট** : আর্কিটেকচারের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স, জন্ম-তারিখ ও মূল মাইনে ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার A-3. শূন্যপদ : ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ১, ই.ডব্লু.এস.১)। পোস্ট -কোড নং : CNE07..

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১২-২০১৯'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

RE01 থেকে RE09, CE01 থেকে CE05 পদের জন্য প্রার্থী বাছাই হবে তিনটি পর্যায়ে — কম্পিউটার বেসড লিখিত পরীক্ষা (২টি পেপার) গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা।

RNE01 থেকে RNE09, RNE11 থেকে RNE14, CNE01-CNE06 পদের জন্য প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে — কম্পিউটার বেসড লিখিত পরীক্ষা (২টি পেপার) ও ডাক্তারি পরীক্ষা।

কাস্টমার রিলেশন্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটার বেসড টেস্ট (দু'টি পেপার), সাইকো টেস্ট ও ডাক্তারি পরীক্ষা হবে। স্টেনোগ্রাফার পদের বেলায় কম্পিউটার বেসড টেস্ট (দু'টি পেপার), স্কিল টেস্ট ও ডাক্তারি পরীক্ষা হবে। মেন্টেনার পদের বেলায় কম্পিউটার বেসড টেস্ট (একটি পেপার) ও ডাক্তারি পরীক্ষা হবে।

কম্পিউটার বেসড লিখিত পরীক্ষার — প্রথম পেপারে থাকবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, সংশ্লিষ্ট শাখার ওপর প্রশ্ন। মোট ১২০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সময় থাকবে দেড় ঘন্টা।

দ্বিতীয় পেপারে জেনারেল ইংলিশের ওপর ৬০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। সময় থাকবে ৪৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে আলাদা কোয়ালিফাইং নম্বর পেলে মেধা তালিকায় স্থান পাবেন। সব পরীক্ষাই হবে দিল্লিতে। স্টেনোগ্রাফার পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের শর্টহ্যান্ড টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ ডিসেম্বর থেকে ১৩ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.delhimetrorail.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৮০ কেবি.র মধ্যে) ও সিগনেচার (৮০ কেবির মধ্যে), কাস্ট সার্টিফিকেট (১৫০ কেবির মধ্যে), জন্ম-সার্টিফিকেট (১৫০ কেবির মধ্যে), শিক্ষাগত যোগ্যতার মার্কশীট ও সার্টিফিকেট (১৫০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলাদের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তখন অ্যাপ্লিকেশন সিকোয়েন্স নম্বর, ট্রান্সজাকশন আই.ডি. আপনা থেকেই তৈরি হয়ে যাবে। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

**ITI, Diploma, B.Tech পাশদের সরকারি চাকরি**

নিজস্ব প্রতিনিধি : প্রতি বছর মোট ১৫০ জনকে বিশেষভাবে প্রশিক্ষণ দিয়ে গভঃ চাকরি পরীক্ষায় সফল করার পূর্ণ দায়িত্ব নেয় পশ্চিমবঙ্গের একটি নামী শিক্ষা প্রতিষ্ঠান। তাদের মধ্যে প্রায় প্রত্যেকেই এক বা অধিক গভঃ চাকরিতে সফল হয়। 9163511524 নম্বরে ফোন করে সীট শেষ হবার পূর্বে নাম নথিভুক্ত করা স্টুডেন্টরা R. singh (Ex IES) ও D. Pandey (Ex IAS) এর গাইডেন্সে এই প্রতিষ্ঠানে সম্পূর্ণ প্রশিক্ষণের সুযোগ পায়।


বেরিয়েছে **শিলাদিত্য** ডিসেম্বর ২০১৯

**ভ্রমণ**

তামিলনাড়ুর শৈলশহর ইয়ারকাড। সুন্দর এক ছবির মতো শহর। ইয়ারকাড লেকটিকে ঘিরে রেখেছে ইউক্যালিপটাসের সারি। এই শহরেই রয়েছে বিখ্যাত চক্রদেবী মন্দির, রাজ রাজেশ্বরী মন্দির, শোভারয়ান মন্দির, ভিউ পয়েন্ট, প্যাগোডা পয়েন্টসহ অনেক দর্শনীয় স্থান। সুন্দর পরিবেশ, মনোরম আবহাওয়ায় ইয়ারকাড ঘুরে এলেন **আশিসকুমার ঘোষ**।

প্রবাসী বাঙালি ভূতপূর্ব কূটনীতিক, প্রাবন্ধিক মণীশ নন্দীর লেখা রম্যরচনাসহ রয়েছে গল্প কবিতাসহ অন্যান্য সব বিভাগ।





Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য পুলিশ কনস্টেবল ও বহরমপুর, কোলাঘাট আর্মি র‍্যালিতে ফিট প্রার্থীদের লিখিত পরীক্ষার স্পেশাল কোচিং-এর জন্য ভর্তি চলছে আইফাতে

রাজ্য পুলিশ কনস্টেবলে যারা প্রিলি ও মাঠে উত্তীর্ণ হয়েছেন এছাড়া বহরমপুর ও কোলাঘাট আর্মি র‍্যালিতে যেসব প্রার্থী মাঠ ও মেডিক্যাল পরীক্ষায় ফিট হয়েছেন তাদের স্বল্প খরচে লিখিত পরীক্ষার কোচিং দেওয়া হবে। ভর্তি চলছে। পরবর্তী ব্যাচ ১২ থেকে ৩০ ডিসেম্বর '১৯। এছাড়াও ভর্তি চলছে : রাজ্য পুলিশ এস.আই., এক্সাইজ কনস্টেবল (পুরুষ / মহিলা) ও দিল্লি পুলিশ কনস্টেবল (পুরুষ / মহিলা), এয়ারফোর্স (X ও Y), নেভি (SSR / AA / MR), কোস্ট গার্ড। নিজস্ব হোস্টেলে বহিরাগতদের থাকা-খাওয়ার সুব্যবস্থা। দুর্বল প্রার্থীদের হাতে-কলমে যত্নসহকারে শেখানোর ব্যবস্থা। যোগাযোগ : দমদম এয়ারপোর্ট- ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫ (৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮)। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫। দমদম- ৯৯০৩২২৩২১৩। শিলিগুড়ি- ৭৮৯০০০৯৬৭২।

## রেলের লোকো পাইলটের চূড়ান্ত ফল

মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং CEN 01/ 2018'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদের প্রভিশনাল (পার্ট-।।।) এর সাপ্লিমেন্টারি চূড়ান্ত তালিকা বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in

## তপশিলী জাতি, আদিবাসী (SC/ST) যুবক-যুবতীদের জন্যে বিনামূল্যে সরকারি ব্যবস্থাপনায় Air Conditioner ও Refrigerator-এর রিপেয়ারিংয়ের প্রশিক্ষণ

**বিশেষ সংবাদদাতা :** পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী (SC/ST) যুবকযুবতীদের জন্য সুখবর। পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের সহায়তায় সম্পূর্ণ বিনামূল্যে Air Conditioner ও Refrigerator-এর রিপেয়ারিংয়ের প্রশিক্ষণ দেওয়া হবে। বর্তমানে প্রবল গরমের হাত থেকে বাঁচতে AirConditioner ও Refrigerator বাড়িতে থাকা প্রায় বাধ্যতামূলক। কিন্তু এগুলি Install বা, Repair করতে অনেক Service Technician-এর প্রয়োজন। তাই কাজের বাজারে এদের চাহিদা আকাশ ছোঁয়া। সেকথা মাথায় রেখে সম্পূর্ণ বিনামূল্যে উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর, দক্ষিণ ২৪ পরগনার গড়িয়া, হাওড়া, হুগলির চুঁচুড়া ও নদিয়ার রানাঘাটে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ ১৮ থেকে ৩৫ বছর বয়সী যুবকযুবতীরা যাঁদের বার্ষিক পারিবারিক আয় ৩,০০,০০০ টাকার মধ্যে তারা আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদন করুন এই ওয়েবসাইটে : www.wbscstcorp.gov.in, Helpline : 033-23589107, 9073915861. প্রশিক্ষণ শেষে কর্মসংস্থানের সহায়তা করা হবে। সমগ্র প্রকল্পটি রূপায়ণ করছেন Excel Infocom Pvt. Ltd., E-405, City Centre, DC Block, Sector-I, Salt Lake, Kolkata-64.

## সেনাবাহিনীতে সরাসরি র‍্যালি

**নিজস্ব প্রতিনিধি :** ভারতীয় স্থলবাহিনীর গোর্খা আর্মি রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং অফিসার জানান, পশ্চিমবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলার গোর্খা ছেলেদের থেকে সোলজার জেনারেল ডিউটি পদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে কয়েকশো অবিবাহিত ছেলে নেওয়া হচ্ছে। ওই পদের সরাসরি র‍্যালি হবে ১২ ও ১৩ ফেব্রুয়ারি। এই ঠিকানায় : ঘুম আর্মি গ্রাউন্ড, দার্জিলিং।

মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে র‍্যালি হবে ভোর ৫টা থেকে ৭টার মধ্যে। ওই দিনই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৯ জানুয়ারি থেকে।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন চলবে ১৫ ডিসেম্বর থেকে ২৮ জানুয়ারি পর্যন্ত। নাম রেজিস্ট্রেশন করার সময় সঙ্গে রাখবেন এইসব বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, বাসিন্দা সার্টিফিকেট, ফটো-সহ অন্যান্য যাবতীয় প্রমাণপত্র।


**ARMY ও POLICE-এর কোচিং**

মাঠ থেকে লিখিত পরীক্ষা পর্যন্ত স্পেশাল ব্যাচে ভর্তি চলছে, আগ্রহী প্রার্থীরা ভর্তি হতে চাইলে অতি সত্বর যোগাযোগ করুন। বহিরাগত প্রার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। আর্থিকভাবে দুর্বল ও প্রথম ৩০ জন প্রার্থীর ভর্তিতে বিশেষ ছাড়। আর্মিতে আগের ব্যাচে সাফল্যের হার ১০০%।

**BENGAL EDUCATION COACHING CENTRE**
Our Education, Your Success
BELGHARIA, KOLKATA
9614236059, 8420100627



**তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ কোচিং সেন্টার**

শাখা — রানাঘাট, বেথুয়াডহরী, নৈহাটী, দমদম (কলকাতা) গোবরডাঙা (উঃ ২৪ পরগনাঃ)

মাতৃস্মরণে — ডিসেম্বর মাস ব্যাপী রানাঘাট শাখার জন্য রানাঘাট ও কল্যাণী সাব ডিভিশনের সকল ছাত্রছাত্রীদের সীমিত সংখ্যক আসনে কার্যত নিখরচায় Police, Railway কোচিংয়ে ভর্তি চলছে। ক্লাস ১ জানুয়ারি ১১টা থেকে শুরু। ফ্রী কোর্স ৩ মাসের জন্য।

**এছাড়া ভর্তি চলছে : PSC, D Group, আটবাহিনী, পঞ্চায়েত, WBCS, IAS, IPS ইত্যাদি।**



প্রাঃ কেন্দ্র ও রাজ্য সরকারের সিভিল সার্ভেন্ট আচার্য ভব দেব ও রানাঘাট, কল্যাণী অঞ্চলের সফল ছাত্রছাত্রীর কয়েকজন।

পলাশ পাল - IRPS (IAS Allied), রানাঘাট। সুব্রত বর্মণ - WBCS (Exe), আনুলিয়া কায়েতপাড়া। প্রদীপ রায় - WBCS, নাসরা। বিদ্যুৎ তরফদার - WBPS, রানাঘাট। দ্যুতিশ্রী ব্যানার্জী - WBCS, সড়কপাড়া। গণেশ বিশ্বাস - WBPS, রানাঘাট। দীপক দেবনাথ - WBCS, হিজুলি। পার্থ বসু - WBCS, নাসড়া। পায়েল সূত্রধর - স্কুল সার্ভিস, আইশতলা। শুভংকর বিশ্বাস - WBCS. দীপক মাতব্বর - স্কুল সার্ভিস। রবীন্দ্রনাথ ঘোষ - স্কুল সার্ভিস, আইশতলা। রতন দেবনাথ - স্কুল সার্ভিস। জলি পাল - KPS. দীপ্ত বিশ্বাস- Rail, আইশতলা। পিপাসা দাস - Secretary, Chakda Block, হিজুলি। উত্তম দাস - WBCS. সোমা পাল - WBCS. সৌমী নন্দী - WBCS. নীলরতন মধু - স্কুল সার্ভিস। রানা দেবনাথ - SI (Food). রিপন বালা - Police. সৌরভ ঘোষ - Police. সৌমেন দাস - Police, আইশতলা। রাকেশ ঘোষ - Police. রতন বিশ্বাস - Police. মনোজ প্রামানিক - Police, গোবিন্দপুর। রাকেশ মন্ডল - Police. সুজয় মোদক - Police. কৌশিক বিশ্বাস - Police. অঞ্জন রক্ষিত - S.I (Police). গোবিন্দ বিশ্বাস - S.I (Police), বগুলা। সঞ্জিত বিশ্বাস - S.I (Police). বিশ্বজিৎ মন্ডল - Police. শুভ ঘোষ - SI (Police), ফুলিয়া। নিতাই ঘোষ - S.I (Police), তাহেরপুর। সোমনাথ পাল - S.I (Police). স্বর্ণালী পাল - S.I (Police), গোবিন্দপুর। নিরুপম বিশ্বাস - S.I (Police), হিজুলি। কমলেশ বাড়ৈ - S.I (F&S). পলাশ বিশ্বাস - WBCS (A), আনন্দনগর, কল্যাণী। রুদ্রদীপ মুখার্জী - স্কুল সার্ভিস, কল্যাণী। বিশ্বজিৎ দত্ত - WBCS. কাজল দাস - WBCS. বিবেকানন্দ রাহা - WBCS. অনুপম বিশ্বাস - WBCS. প্রমিত সরকার - MVI, বগুলা। প্রতিভা বিশ্বাস - WBCS, পায়রাডাঙা। দীপঙ্কর ঘোষ - S.I (Police). মৃগাঙ্ক দাস - Rail. অনুপম মন্ডল - WBCS. পরিমল ঘোষ - Rail. অভিজিৎ সরকার - WBCS (A). আরো নাম ক্রমশ প্রকাশিতব্য।

**9474764885, 9775172089**
Website : www.kabitakuthir.org



**Environmental Analyst Course**
(Approved by Tech. Edn. Dept. Govt. of West Bengal)

Environmental Analyst Course approved by Technical Education, Govt. of West Bengal, for employment in Laboratories, Industries & NGO's for pollution measurement. Eligibility: Science Graduate, Contact- Sea Explorers' Institute, Outram Ghat, Kolkata-21. Ph: (033) 2248 7585, 9038808389, 8961814084, www.seiindia.org



**সরকার স্বীকৃত চাকরীমুখী জনস্বাস্থ্যের ডিপ্লোমা কোর্স**
**(স্যানিটারি ইন্সপেক্টর)**

চাকরি হয় অফিসার / সুপারভাইজার পদে। রেল, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি, পোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, অর্ডিন্যান্স ফ্যাক্টরী, ডিভিসি ও অন্যান্য সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানে।

DMLT Course (2 বছরের) Practical সহযোগে। • যোগ্যতা-মাধ্যমিক পাশ।

এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় ম্যালেরিয়া, ডেঙ্গু, টিবি, এইচআইভি / এডস বিষয়ে ট্রেনিং দেওয়া হয়।

**IIHT**, 226, B.B Ganguly Street, Bowbazar, Kol-700012
7278879202, 9836396734, 8017040262, 033-22259745
www.iiht. biz



# মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified,
Govt.. Regn. No [MAS-1/471, L-76204],
Maslandapur, North 24 Parganas,
Website : www.mvacc.org.in

পশ্চিমবঙ্গ পুলিশের যারা PMT/PET পাশ করেছেন তাদের Main পরীক্ষার Class ইতিমধ্যে শুরু হয়ে গেছে। সত্বর যোগাযোগ করুন। 2018 সালে 336 জন চূড়ান্ত সফলতা পেয়েছে।

বহরমপুর ও কলকাতা র‍্যালির সেনাবাহিনীর লিখিত পরীক্ষার ক্লাস চলছে। এখনও ভর্তি চলছে। SSC আটবাহিনী, RPF বিজ্ঞপ্তি আসন্ন। ভর্তি চলছে।

**শংকর দার কোচিং**

জীবন যুদ্ধে থাকবো পাশে

**সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী**

দূরবর্তীদের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব 4 টি হোস্টেল রয়েছে। শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয়, বিহার, ওড়িশা, ত্রিপুরার আর্মি ফিট ছেলেদেরও ক্লাস করানো হয়।

**এছাড়া ভর্তি চলছে**

NAVY SSR | আফগারী (মেইন) | Post office | SSC আটবাহিনী | Railway NTPC | Railway Gr-D

মনে রাখবেন : সরকারী চাকরী পেতে হলে চাই অধ্যাবসায়, সঠিক অনুশীলন, তাই অসাধু চক্রের প্রলোভনে পড়ে নিজের ভবিষ্যৎ নষ্ট করবেন না।

বিঃদ্রঃ- RPF, Rail Group-D, SSC আটবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।

**হেড অফিস (সপ্তাহে 7 দিনই খোলা)**
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা,
(শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে)
ADMISSION HELPLINE : 9733894444, 9547004388, 7432955888, 7718148464

**বাঁকুড়া শাখা**
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া
(বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
ADMISSION HELPLINE : 8001693133


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

**নির্দেশ (প্রশ্ন 86-91) :** নীচের কোনটি বেমানান শব্দ/সংখ্যা ?

86. রাজর্ষি, নরেন্দ্র, নয়ন, কলকাতা
(A) কলকাতা (B) নয়ন (C) রাজর্ষি (D) নরেন্দ্র

87. SSA, VEC, ICICI, PTTI
(A) SSA (B) VEC (C) PTTI (D) ICICI

88. Diarhoia, Literature, Committee, Occurrence
(A) Diarhoia (B) Literature
(C) Committee (D) Occurrence

89. 25, 36, 66, 81
(A) 25 (B) 36 (C) 81 (D) 66

90. 234, 333, 153, 888
(A) 234 (B) 333 (C) 541 (D) 888

91. 9876, 3456, 6543, 4321
(A) 9876 (B) 3456 (C) 6543 (D) 4321

92. ত্রিভুজ ১: উপরে 3, 4; ভিতরে 60; নীচে 5 | ত্রিভুজ ২: উপরে 2, 3; ভিতরে 36; নীচে 6 | ত্রিভুজ ৩: উপরে 4, 3; ভিতরে ?; নীচে 7
(A) 84 (B) 81
(C) 111 (D) 85

93. A ও B দুই ভাই। C হল B এর বোন। D হল C এর স্বামী ও E হল D এর একমাত্র কন্যা। A সম্পর্কে E এর কে হবে?
(A) দাদা (B) মামা (C) কাকা (D) কোনোটি নয়

94. SORROW = XPSSPT হলে TOMORROW কে কীভাবে লেখা হবে?
(A) XPSTPMPU (B) XPSSPNUP
(C) XPSSPNPU (D) XPSSQNPV

95. বৃত্ত ১: উপরে 3, বামে 5, ভিতরে 22, ডানে 2, নীচে 4 | বৃত্ত ২: উপরে 4, বামে 6, ভিতরে 54, ডানে 7, নীচে 3 | বৃত্ত ৩: উপরে 8, বামে 3, ভিতরে ?, ডানে 7, নীচে 2
(A) 84 (B) 37 (C) 21 (D) 49

96. চিত্র ১: উপরে 1, বামে 2, মাঝে 10, ডানে 3, নীচে 2 | চিত্র ২: উপরে 2, বামে 4, মাঝে 28, ডানে 3, নীচে 2 | চিত্র ৩: উপরে 5, বামে 4, মাঝে ?, ডানে 2, নীচে 3
(A) 18 (B) 220 (C) 89 (D) 90

97. Rose = esor লেখা হলে Flower = ?
(A) Rewpff (B) Flbwfr (C) Rewolf (D) Rfolwe

98. 4231245 = 5421324 হলে 6633112242689 = ?
(A) 9876543210 (B) 9862422113366
(C) 986242123366 (D) 982622411366

99. West Bengal = Lagneb tsew হলে Bonberia কীভাবে লেখা হবে?
(A) Airfenoc (B) Airebnbc
(C) Airbbacob (D) Airebnob

100. Education is the only thing to apply. এখানে vowel এর সংখ্যা কত?
(A) 16 (B) 11 (C) 14 (D) 12

## চটপট উত্তরের বিশ্লেষণ

### GENERAL STUDIES

1(C). 2(A). 3(C). 4(B). 5(A). 6(D). 7(B). 8(C). 9(B). 10(C). 11(D). 12(A). 13(C). 14(D). 15(B). 16(D). 17(A). 18(D). 19(B). 20(A). 21(C). 22(B). 23(A). 24(A). 25(D). 26(C). 27(D). 28(A). 29(B). 30(C). 31(D). 32(D). 33(B). 34(C). 35(D). 36(B). 37(A). 38(A). 39(C). 40(B). 41(C). 42(B). 43(B). 44(A). 45(C). 46(A). 47(A). 48(C). 49(D). 50(B).

### ARITHMETIC

**51(B).** প্রশ্নানুসারে, $\frac{4}{7} = \frac{12}{x}$
বা, $4 \times x = 12 \times 7$ বা, $x = \frac{12 \times 7}{4} = 21$

**52(A).** নির্ণেয় সুদ = $\frac{4 \times 40000 \times 2}{100}$ টাকা = 4,800 টাকা। **53(D). 54(D). 55(B).** 6 জন লোক কাজটি করে = 30 দিনে তাহলে, 20 জন লোক কাজটি করে = $\frac{30 \times 6}{20} = 9$ দিনে **56(A).** নির্ণেয় পরিসীমা = $2 \times (155 + 87)$ ডেসিমিটার = 484 ডেসিমিটার = 48 মিটার 4 ডেসিমিটার

**57(C). 58(C). 59(A).** $2 \times 500 = 1000$, 2 যুগ্ম মৌলিক সংখ্যা। **60(C).** 6 জনে কাজটিকরে = 18 দিনে তাহলে, 9 জনে কাজটি করে = $\frac{6 \times 18}{9}$ দিনে = 12 দিনে **61(A).** $a + b = 2$ তাহলে, $(a + b)^3 = (2)^3$ বা, $a^3 + b^3 + 3ab(a + b) = 8$ বা, $a^3 + b^3 + 3ab.2 = 8$ তাহলে, $a^3 + b^3 + 6ab = 8$ **62(A).** মূলধনের অনুপাত = 3000 : 1000 = 3 : 1 তাহলে, x এর প্রাপ্য = $800 \times \frac{3}{4}$ টাকা = 600 টাকা।

**63(C).** $64 = a, 36 = b$ তাই, $a^3 + 3a^2b + 3ab^2 + b^3 = (a + b)^3 = (64 + 36)^3 = (100)^3 = 1000000$. **64(A).** 4 জনে কাজটি করে = 9 দিনে। 12 জনে কাজটি করে = $\frac{4 \times 9}{12}$ দিনে = 3 দিনে

**65(D).** $2a - \frac{2}{a} = 3$ তাহলে, $\left(2a - \frac{2}{a}\right)^3 = (3)^3$
বা, $(2a)^3 - \left(\frac{2}{a}\right)^3 - 3.2a.\frac{2}{a}\left(2a - \frac{2}{a}\right) = 27$
বা, $8a^3 - \frac{8}{a^3} - 12.3 = 27$ বা, $8a^3 - \frac{8}{a^3} = 27 + 36 = 63$ **66(C).** নির্ণেয় সুদ = $\frac{3 \times 4000 \times 4}{100}$ টাকা = 480 টাকা। **67(B). 68(D). 69(C).** $x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y) = (5)^3 - 3.4.5 = 125 - 60 = 65$. **70(D). 71(B).**

**72(B).** নির্ণেয় সুদ = $\frac{6 \times 6000 \times 2}{100}$ টাকা = 720 টাকা। **73(A).** আমরা জানি, $(p + q)^3 = p^3 + q^3 + 3pq(p + q)$
বা, $(8)^3 = 152 + 3pq.8$
বা, $512 = 152 + 24pq$
বা, $24pq = 512 - 152$
বা, $24pq = 360$ বা, $pq = 15$

**74(D).** $A : B = 3 : 4 = (3 \times 3) : (4 \times 3) = 9 : 12$
$B : C = 6 : 5 = (6 \times 2) : (5 \times 2) = 12 : 10$
$A : B : C = 9 : 12 : 10$. **75(B).**

### LOGICAL & ANALYTICAL REASONING

76(D). 77(A). 78(A). 79(B). 80(C). 81(B). 82(C). 83(B). 84(D). 85(A).

**86(A).** কলকাতা ছাড়া সবই সমাসবদ্ধ শব্দ
**87(D).** ICICI ছাড়া সবই শিক্ষার সঙ্গে সম্পর্কিত
**88(A).** Diarhoia – wrong spelling
**89(D).** 66 ছাড়া সবই পূর্ণবর্গ সংখ্যা
**90(D).** 888 ছাড়া সবগুলির যোগফল 9
**91(B).** 3456 ছাড়া বাকিগুলি বড় থেকে ছোটো সাজানো।
**92(A).** $3 \times 4 \times 5$
$4 \times 3 \times 7$
**93(B). 94(C). 95(B).** $(5 \times 2) + (3 \times 4)$
$(8 \times 2) + (3 \times 7)$
**96(D).** $2 + 3 \times 1 \times 2$
$4 + 3 \times 2 \times 2$
$4 + 2 \times 5 \times 3$
**97(C). 98(B). 99(D). 100(B).**

## পূর্ব উপকূল রেলে

১ পাতার পর

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : পূর্ব-উপকূল রেলওয়ে হেডকোয়ার্টারে ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**মঞ্চেশ্বর ক্যারেজ রিপেয়ার ওয়ার্কশপে ২৫০টি।** এর মধ্যে ফিটার ৮০টি (জেনাঃ ১৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ৮)। শীট মেটাল ওয়ার্কার ২০টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ওয়েল্ডার ৩৮টি (জেনাঃ ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। মেশিনিস্ট ১২টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। মেকানিক (এম.ভি.) ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৩০টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। ইলেক্ট্রিশিয়ান ৩০টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। পেইন্টার ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**খুরদা রোড ডিভিশনে ৩১৭টি।** এর মধ্যে ফিটার ১১২টি (জেনাঃ ২৭, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ২৮, ও.বি.সি. ৩০, ই.ডব্লু.এস. ১১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৩৪টি (জেনাঃ ৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)। টার্নার ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিশিয়ান ৫৩টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৫)। মেশিনিস্ট ১২টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ড্রাফটসম্যান (মেকানিক) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ড্রাফটসম্যান (সিভিল) ১টি (জেনাঃ)। রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ১১টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ওয়্যারম্যান ১২টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৪০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। ইলেক্ট্রনিক্স মেকানিক ১৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। প্লাম্বার ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ম্যাসন ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**ওয়ালটেয়ার ডিভিশনে ৫৫৩টি।** এর মধ্যে ফিটার ২৫৬টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ৬৯, ই.ডব্লু.এস. ২৬)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৬৪টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৬)। টার্নার ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিশিয়ান ১২০টি (জেনাঃ ৫১, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৩২, ই.ডব্লু.এস. ১২)। মেশিনিস্ট ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ড্রাফটসম্যান (মেকানিক) ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ২৪টি (জেনাঃ ১১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রনিক্স মেকানিক ২১টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। প্লাম্বার ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ম্যাসন ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**সম্বলপুর ডিভিশনে ৮৬টি।** এর মধ্যে ফিটার ৩৫ (জেনাঃ ৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৪)। ইলেক্ট্রিশিয়ান ১৫টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ড্রাফটসম্যান (সিভিল) ১টি (জেনাঃ)। ওয়্যারম্যান ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। প্লাম্বার ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ম্যাসন ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : ECoR/RRC/Act Appr/2019, Date: 07.12.2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.rrcbbs.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ই.ডব্লু.এস. সার্টিফিকেট। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কেন্দ্রীয় সরকারে কয়েকশো ক্লার্ক

১ পাতার পর

পারেন। ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড 'এ' (সি অ্যান্ড এ.জি.) বিভাগের বেলায় কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে।

সব পদের বেলায়ই উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ০১-০১-২০২০'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০২'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক /জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2019' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১৬ মার্চ থেকে ২৭ মার্চ। দ্বিতীয় পর্যায়ের ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা হবে ২৮ জুন।

প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : গ্যাংটক (৪০০১), রাঁচী (৪২০৫), কলকাতা (৪৪১০), হুগলি (৪৪১৮), শিলিগুড়ি (৪৪১৫), বেরহামপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পোর্ট ব্লেয়ার (৪৯০২)। ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০ টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে।

সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১ ঘন্টার পেন পেপার মোডের পরীক্ষায় থাকবে ২০০-২৫০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখা আর ১৫০-২০০ শব্দের মধ্যে চিঠি লেখা /অ্যাপ্লিকেশন লেখা। এই পেপারে ৩৩% নম্বর পেলে সফল হবেন।

এরপর স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় স্কিল টেস্ট হবে। কম্পিউটারে ঘন্টায় ৮,০০০/(১৫০০০ ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ পদের বেলায়) কী ডিপ্রেশন গতি থাকতে হবে। ১৫ মিনিটের এই টেস্টে ইংরিজিতে প্রিন্টেড ম্যাটার দেওয়া হবে। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় মিনিটে ৩৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে ৪ কে.বি. থেকে ১২ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর তৈরি হয়ে যাবে। তখন ওই রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই চালান / নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড বা, ডেবিট কার্ডে জমা দিতে পারবেন। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা নগদে জমা দিতে চাইলে এস.বি.আই. চালান প্রিন্ট করে নেবেন। তবে এক্ষেত্রে মনে রাখতে হবে, নাম রেজিস্ট্রেশন করার ২৪ ঘন্টা পর ওই ফী'র টাকা স্টেট ব্যাঙ্কে জমা দিতে পারবেন। যাঁরা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন, তাঁরা নাম রেজিস্ট্রেশনের সঙ্গে সঙ্গেই জমা দিতে পারবেন। এইভাবে টাকা জমা দেওয়ার পর আবার ওই ওয়েবসাইটে গিয়ে স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। ফটো ও সিগনেচার আপলোড করার পর সাবমিট করলে তবেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। এরপর ওই কনফার্মেশন প্রিন্ট করে নেবেন। তখন ওই কনফার্মেশন ই-মেল করেও পাঠানো হবে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাফল্য পেতে হলে ব্যর্থতার বিশ্লেষণ আর তা মেরামতে কঠোর অনুশীলন দরকার



সমিত রায়,
চেয়ারম্যান
রাইস গোষ্ঠী
চ্যান্সেলর
অ্যাডামাস ইউনিভার্সিটি

**প্রশ্ন : সরকারি চাকরির প্রশিক্ষণের ক্ষেত্রে রাইস আজ আর শুধুমাত্র এক প্রতিষ্ঠান নয়, সাফল্যের আরেক নাম। এই সাফল্যের রসায়ন কী?**

**উত্তর :** ২২-২৩ বছরের ছেলেমেয়েরা জীবনে প্রতিষ্ঠার জন্য চায় ইকো-ফ্রেন্ডলি বা পরিবেশ বান্ধব শিক্ষণ পরিবেশ। গত ৩৫ বছর ধরে আমরা সেই পরিবেশের রূপরেখা গড়ে তুলতে পেরেছি। তাই এখানে ট্রেনিং নিয়ে খুব সহজেই চাকরি পাচ্ছে। এই হল আমাদের সাফল্যের গুহ্য কথা। এই সাফল্যের পেছনে যেমন রয়েছে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের অবদান, তেমনি রয়েছে সংবাদমাধ্যমের ভূমিকা।

**প্রশ্ন : প্রথাগত পড়ালেখার সঙ্গে চাকরির পরীক্ষার পড়ার পার্থক্য কি?**

**উত্তর :** কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীরা মূলত নির্দিষ্ট একটি বিষয় নিয়ে বিশেষ জ্ঞান অর্জন করে। হয়তো কেউ ফিজিক্স বা অঙ্ক নিয়ে পড়ছে। সে ওই বিষয়েই দক্ষ হয়ে ওঠে। এই ধরনের পড়ালেখাকে বলা হয় নলেজ বেস্ট এডুকেশন বা জ্ঞানভিত্তিক চর্চা। অন্যদিকে, চাকরির পরীক্ষার প্রার্থীদের ভূগোল, বিজ্ঞান, ইতিহাস, অঙ্ক, সাধারণজ্ঞান ও সংবিধান-সহ অন্তত ২০টি বিষয়ে দক্ষ হতে হয়। শুধু তাই নয়, ওইসব বিষয়ে ধারাবাহিক চর্চার মাধ্যমে দক্ষতা অর্জন করতে হয়। এই শিখনকে বলা হয় ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং বা নিজেকে দক্ষ করে তোলার শিখন পদ্ধতি। আমরা ধারাবাহিক চর্চা ও নির্দিষ্ট পদ্ধতির মাধ্যমে ছাত্রছাত্রীদের মধ্যে সেই দক্ষতা বাড়ানোর চেষ্টা করি। যার মাধ্যমে চাকরিপ্রার্থীরা যে কোনো ধরনের সরকারি চাকরির মুখোমুখি হওয়ার চ্যালেঞ্জ নিতে পারে। প্রাতিষ্ঠানিক শিক্ষার সঙ্গে চাকরির পড়াশোনার আকাশ-পাতাল পার্থক্য রয়েছে তা বলতে চাই না। তবে পদ্ধতিগত কিছু পার্থক্য রয়েছে। আসলে আমাদের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রমে কেরিয়ারমুখী হওয়ার ব্যাপারে ছাত্রছাত্রীদের সেভাবে দিশা দেখানো হয় না। একমাত্র আমাদের অ্যাডামাস ইউনিভার্সিটিতে জেনারেল কোর্সের পাশাপাশি আমরা সরকারি চাকরির প্রস্তুতির জন্যও কোর্স চালু করেছি।

**প্রশ্ন : আপনারা মূলত সরকারি চাকরির জন্য ট্রেনিং দেন। কিন্তু বাজারে একটা নেতিবাচক প্রচার আছে, সরকারি চাকরির সুযোগ দিন দিন কমছে। এবিষয়ে আপনার মত কী?**

**উত্তর :** জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে মানুষের খাদ্য ও জমির পরিমাণ কমছে। এই বাস্তব সত্যটা আমাদের মেনে নিতেই হবে। যে অনুপাতে প্রতিবছর সফল ছাত্রছাত্রী বাড়ছে, সেভাবে সরকারি ক্ষেত্রে শূন্যপদ বাড়ছে না। সরকারি চাকরির ক্ষেত্রে কখনোই পাইকারি হারে লোক নেওয়া হয় না। কিন্তু সারা বিশ্বের দিকে তাকালে দেখা যায়, যেসব দেশ সম্পদ বাড়াতে চায়, তারা সরকারি চাকরিকেই বেশি গুরুত্ব দেয়। কারণ সরকারি সংস্থার মাধ্যমে যেকোনো দেশের রাজস্ব বেশি আদায় হয়। ফলে দেশ গড়ার জন্য চিরদিনই সরকারি কর্মীদের গুরুত্ব ছিল ও থাকবে। সরকারি চাকরি নেই, সরকারি চাকরি হবে না এই জাতীয় নেতিবাচক চিন্তায় কখনো ছেলেমেয়েদের গুরুত্ব দেওয়া উচিত নয়।

**প্রশ্ন : ঠিক কোন বয়স থেকে সরকারি চাকরির প্রস্তুতি শুরু করা উচিত?**

**উত্তর :** ১৯৮৫ সালে আমরা যখন এই প্রতিষ্ঠান শুরু করেছিলাম তখন দেখেছিলাম, ছেলেমেয়েরা ২-৩ বছর বাড়িতে প্রস্তুতি নেওয়ার পর ব্যর্থ হলে প্রস্তুতির জন্য কোচিং ইনস্টিটিউটে ভরতি হত। তখন ছেলেমেয়েদের বয়স হয়ে যেত প্রায় ২৮-৩০ বছর। ২০১০ সাল থেকে দেখলাম, ছেলেমেয়েরা ডিগ্রি কোর্স পাশ করার পরই সরকারি চাকরির প্রশিক্ষণ নেওয়ার জন্য ভরতি হতে শুরু করেছে। এখন আবার দেখতে পাচ্ছি, উচ্চমাধ্যমিক পাশ করার পর ডিগ্রি কোর্সে ভরতি হওয়ার সঙ্গে-সঙ্গে ১৮-১৯ বছর বয়স থেকে ছেলেমেয়েরা কোচিং ইনস্টিটিউটে ভরতির জন্য এগিয়ে আসছেন। আসলে যাদের বাবা-মায়েরা ডাক্তার বা ইঞ্জিনিয়ারিং বা অন্য কোনো পেশার সঙ্গে জড়িয়ে তাঁরা তাঁদের ছেলেমেয়েদের নিজেদের পেশায় আসার জন্য প্রভাবিত করেন। আবার যাঁরা সরকারি চাকরি করেন, তাঁরা চান ভবিষ্যতের নিরাপত্তার জন্য সন্তান সরকারি চাকরি করুক। এভাবেই আমাদের মানসিক গঠন তৈরি হয়ে উঠেছে।

**প্রশ্ন : তাহলে আপনার মতে ১৮ বছর বয়সের পর থেকে ছেলেমেয়েদের সরকারি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু করা উচিত?**

**উত্তর :** হ্যাঁ। মাধ্যমিক পাশ করার পর থেকেই এই মানসিকতা গড়ে তোলা উচিত। কারণ চাকরি পেতে গেলে ধারাবাহিক প্রস্তুতির বিশেষ দরকার। একটা নির্দিষ্ট পদ্ধতির মাধ্যমে তা আয়ত্ত করা সম্ভব।

**প্রশ্ন : আপনার মতে সব ছেলেমেয়েদেরই কি জীবনের একমাত্র লক্ষ্য হওয়া উচিত সরকারি চাকরি?**

**উত্তর :** না, আমি তা বলতে চাই না। ১০০ ভাগ ছেলেমেয়ে যে সরকারি চাকরি পাবে এমন কখনো হতে পারে না। যারা জীবনের নিরাপত্তা চায়, সেই সঙ্গে সামাজিক প্রতিপত্তি ও সম্মান নিয়ে বেঁচে থাকতে চায়, তাদের ক্ষেত্রে অবশ্যই সরকারি চাকরিই লক্ষ্য হওয়া উচিত।

**প্রশ্ন : একেক সরকারি চাকরির পরীক্ষার পদ্ধতি, সিলেবাস ও শিক্ষাগত যোগ্যতা আলাদা। আপনি কি মনে করেন, প্রত্যেক প্রার্থীকে সব ধরনের চাকরির পরীক্ষায় বসা উচিত?**

**উত্তর :** সরকারি চাকরির পরীক্ষায় শূন্যপদের তুলনায় প্রার্থীর সংখ্যা অনেক বেশি। তাই প্রতিটি ক্ষেত্রে দেখা যায় হাড্ডাহাড্ডি প্রতিযোগিতা হয়। এজন্য আমার মনে হয়, শুধুমাত্র ডব্লবিসিএস বা ব্যাঙ্কের চাকরিকে লক্ষ্য করে এগোনোটা বিরাট ঝুঁকির কাজ। তাছাড়া সব ধরনের পরীক্ষায় ৭০%-৮০% সিলেবাস একইরকম। শুধুমাত্র প্রশ্নের ধরনের রূপরেখা আলাদা। কোনো পরীক্ষায় প্রশ্ন হয় অবজেকটিভ ধরনের আবার কোনো পরীক্ষায় প্রশ্ন হয় সাবজেক্টিভ ধরনের। শুধুমাত্র বিশেষ কিছু পরীক্ষার জন্য ২০%-৩০% প্রশ্ন আলাদা হয়। বাকিটা সব পরীক্ষার ক্ষেত্রে কমন। এজন্য আমার মতে, সব ধরনের চাকরির পরীক্ষায় ছেলেমেয়েদের বসা উচিত। তাহলেই চাকরির পরীক্ষা সম্পর্কে একটা স্বচ্ছ ধারণা তৈরি হবে। সরকারি চাকরি পাওয়াই যেখানে জীবনের একমাত্র মূল লক্ষ্য, সেখানে যেকোনো ধরনের পছন্দমতো সরকারি চাকরিতে যোগ দিয়ে উচ্চযোগ্যতাসম্পন্ন সরকারি চাকরির পরীক্ষার দিকে এগোনো উচিত। তাহলে চাকরি পেতে আর কোনো সমস্যা হবে না। তবে সবচেয়ে আগে দরকার সঠিক পরিকল্পনা ও সেই অনুযায়ী প্রস্তুতির পথ তৈরি করা।

**প্রশ্ন : অনেকেই ২-৩টি সরকারি চাকরির পরীক্ষায় ব্যর্থ হওয়ার পর হতাশায় আর পরীক্ষা দিতে চান না। এই ব্যর্থতা থেকে বেরিয়ে আসার উপায় কি?**

**উত্তর :** ব্যর্থতার কথা বিজ্ঞানসম্মতভাবে ভাবতে হবে। যদি দেখা যায় স্টাডি মেটিরিয়ালের জন্য ব্যর্থতা, তাহলে ভালো স্টাডি মেটিরিয়াল জোগাড় করতে হবে। যদি দেখা যায়, যে প্রতিষ্ঠানে ট্রেনিং নিয়েছেন তাঁদের শিখন পদ্ধতির জন্য ব্যর্থতা এসেছে, সেক্ষেত্রে বিকল্প প্রতিষ্ঠানের কথা ভাবতে হবে। যদি দেখা যায়, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার সঙ্গে চাকরির পরীক্ষার পড়াশোনার পার্থক্যের জন্য এই ব্যর্থতা আসছে, সেক্ষেত্রে ওই ব্যর্থতা সংশোধন করতে হবে। ধ্যান দিতে হবে নিজের প্রশিক্ষণ পদ্ধতির ওপর। কোনো ব্যর্থতাই শেষকথা নয়। চূড়ান্ত ব্যর্থতা থেকে তৈরি হয় সাফল্যের বীজ।

**প্রশ্ন : চাকরি পাওয়ার ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভূমিকা কতটা?**

**উত্তর :** আমি মনে করি, চাকরিপ্রার্থীদের সাফল্যের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভূমিকা ৫০%। বাকি ৫০% ভূমিকা থাকে ছাত্রছাত্রীদের। যেকোনো প্রতিষ্ঠান ছাত্রছাত্রীদের শুধুমাত্র জানায়, কোন চাকরির প্রস্তুতির জন্য কী ধরনের অনুশীলনের দরকার। কী কী বিষয়ে পড়তে হবে। রোড ম্যাপ তৈরি করার সময় যেমন জানানো হয়, রাস্তা তৈরির ক্ষেত্রে কী কী বাধা আছে ও সেইসব বাধা কীভাবে দূর করা যাবে? একজন প্রশিক্ষকের ভূমিকা কর্মপ্রার্থীদের সেই বাধা পেরিয়ে সাফল্যের পথ দেখান। বাকিটা ছাত্রছাত্রীদের প্রস্তুতির মাধ্যমে তৈরি করে নিতে হয়।

**প্রশ্ন : বাজারে এত প্রতিষ্ঠান, সেক্ষেত্রে সঠিক প্রতিষ্ঠান কীভাবে বাছব?**

**উত্তর :** যেকোনো প্রতিষ্ঠান বাছার আগে খতিয়ে দেখতে হবে সেই প্রতিষ্ঠানের সাফল্যের ধারা, রেকর্ড, পরিকাঠামো, কারা পড়াচ্ছেন, স্টাডি মেয়িরিয়ালস কেমন আর তা কতটা কার্যকর। দরকারে কথা বলতে হবে ওই প্রতিষ্ঠানের সফল ছাত্রছাত্রীদের সঙ্গে।

**প্রশ্ন : অনেক ক্ষেত্রেই প্রার্থী নিজের যাবতীয় সমস্যা বুঝতে পারেন না বা ধরতে পারে না কোন পথে এগোতে হবে। এক্ষেত্রে তার করণীয় কী?**

**উত্তর :** এক্ষেত্রে পরামর্শ নিতে হবে বিশেষজ্ঞদের। আমরা যারা গণমাধ্যমে চাকরির পরীক্ষার বিষয়ে আলোচনা করছি সেইসব আলোচনা শুনতে হবে। আজকাল বিভিন্ন পত্রপত্রিকায় বিশেষজ্ঞদের সাফল্যের পরামর্শ বেরোয়। সেইসব বিষয় পড়লে কর্মপ্রার্থীরা উপকৃত হবেন।

**প্রশ্ন : আপনার কাছে সাফল্য মানে কী?**

**উত্তর :** আমার কাছে সাফল্য মানে শুধুমাত্র চাকরি পাওয়া বা জীবনে প্রতিষ্ঠিত হওয়া নয়। প্রতিষ্ঠিত হওয়ার পাশাপাশি সমাজ বা দেশের জন্য কিছু করা উচিত। দেশ গঠনে ভূমিকা নেওয়া উচিত। এক্ষেত্রে একজন সরকারি আধিকারিক সবচেয়ে বড় ভূমিকা নিতে পারেন। সাফল্য কিন্তু চটজলদি আসে না। ধারাবাহিক অনুশীলনের মাধ্যমে সাফল্যে পৌঁছোনো যায়। যদি আমরা ইতিহাসের দিকে তাকাই, তাহলে দেখব মহাবীর আলেকজান্ডার প্রথমবার যুদ্ধে সাফল্য পাননি। একাধিকবার যুদ্ধ করে স্ট্র্যাটেজি তৈরি করে সাফল্যের চূড়ান্ত সীমায় পৌঁছেছিলেন। স্বামী বিবেকানন্দ শিকাগো ধর্মসভায় ঐতিহাসিক বক্তৃতা দেওয়ার আগে মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক ছোটো ছোটো জায়গায় গিয়ে ঘরোয়াভাবে বক্তৃতা দিয়ে আমজনতার মনস্তত্ত্ব বোঝার চেষ্টা করেছিলেন। এরপরই তিনি শিকাগো ধর্মসভায় 'মাই ডিয়ার সিস্টার অ্যান্ড ব্রাদার' কথাটা বলে সবার মন জয় করেছিলেন। সারা বিশ্বে সনাতন ধর্মের ইতিবাচক দিক তুলে ধরার জন্য তাঁকে রীতিমতো অনুশীলন করতে হয়েছিল। মাদার তেরেজার ক্ষেত্রেও দেখা যায়, মানুষের সেবার মাধ্যমে সর্বজনীন সেবাধর্মে উদ্বুদ্ধ হয়েছিলেন। তাই, মোদ্দা কথা হল, সাফল্য পেতে হলে প্রার্থীদের নিজেকে বিশ্লেষণ করতে হবে। কোন কোন বিষয়ে তার দুর্বলতা রয়েছে আর কোন কোন বিষয়ে তার দক্ষতা বেশি, তা বুঝে নিতে হবে। আপনি যদি ইংরিজি বা অঙ্ক বা জেনারেল নলেজে খুব দুর্বল হন, তাহলে ওই দুর্বলতা কাটিয়ে ওঠার চেষ্টা করতে হবে। আর এই দুর্বলতা কাটাতে সাহায্য নিতে হবে ওই বিষয়ের বিশেষজ্ঞদের।

**প্রশ্ন : আপনি নিজেকে একজন সফল শিল্পোদ্যোগী, না সফল শিক্ষক হিসাবে ভাবতে পছন্দ করেন?**

**উত্তর :** আমি নিজেকে একজন শিক্ষক হিসাবে ভাবতে পছন্দ করি। একজন শিক্ষক হিসাবে ছাত্রছাত্রীদের যাবতীয় সমস্যা বুঝে তার সমাধানের পথ বের করার জন্য ১৯৮৫ সালে এই প্রতিষ্ঠান চালু করেছিলাম। দীর্ঘদিন ধরে শিক্ষকতার সূত্রে প্রত্যেক ছাত্রছাত্রীর কোথায় দক্ষতায় দৈন্যতা আছে, তা প্রথম ধরার চেষ্টা করি। তারপর তাদের প্রত্যেকের আধার আলাদাভাবে বুঝে সেই অনুযায়ী সমাধানের রূপরেখা তৈরি করার চেষ্টা করি। এখন আত্মবিশ্বাসেই মনে করি চাকরিপ্রার্থীদের সমস্যা আমার মতো ভালো কেউ বোঝে না। ছাত্রছাত্রীরাই আমার সবচেয়ে বড় প্রেরণা। জীবনের শেষদিন পর্যন্ত নিজেকে একজন শিক্ষক হিসাবে ভেবে যাব। আমাদের কোচিং প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়েও রিসার্চ উইং রয়েছে, যার কাজ হল শিখন পদ্ধতি নিয়ে প্রতিনিয়ত গবেষণা করা।

সাক্ষাৎকার : সৈকত হালদার


৯০শতাংশেরও বেশি চাকুরীতে সাফল্য

ভর্তি চলিতেছে

SCHOOL FOR SKILLS®
ALLIED HEALTH SCIENCES
প্যারামেডিকেল প্রশিক্ষণ কেন্দ্র
বোলপুর / সোনারপুর

বাড়ছে সুযোগ, খুলছে ভবিষ্যৎ
শুনছি হাসপাতালে নাকি অনেক চাকরী!
শিক্ষাবর্ষ ২০২০-২০২১

| Course Name | Course Duration | Minimum Qualification |
|---|---|---|
| Emergency Medical Technician (Basic) | 1 Year | XII |
| Phlebotomy Technician | 6 months | XII |
| General Duty Assistant | 6 months | X |

নিম্নলিখিত হাসপাতালগুলিতে আমাদের ছাত্রছাত্রীরা প্রশিক্ষণপ্রাপ্ত এবং কর্মরত
Tata Medical Center | BM Birla Heart Research Centre | AMRI Hospital | Medica Super Speciality Hospital | NH Multi-Speciality Hospitals and many more

ভর্তির ফর্ম পাওয়া যাবে আমাদের নির্দিষ্ট স্কুল থেকে।

N.S.D.C National Skill Development Corporation
Healthcare Sector Skill Council

বিশদ জানতে যোগাযোগ করুন
9073360143 / 9073370069
10 am to 7pm
E: info@sfsahs.org


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। মানুষের মস্তিষ্কের সবথেকে বড় অংশের নাম কী — গুরুমস্তিষ্ক।

২। মানুষের সুষুম্নাকাণ্ডের দৈর্ঘ্য কত — ৪৫ সেন্টিমিটার।

৩। একটি উদ্ভিদ হরমোনের নাম করুন — ফ্লোরিজেন।

৪। পিত্তরস কোথা থেকে ক্ষরিত হয় — যকৃৎ।

৫। কোন প্রাণীতে স্বভোজী পুষ্টি দেখা যায় — ইউগ্লিনা।

### পদার্থবিদ্যা

৬। কোন ধরণের দর্পণ মোটর গাড়ির ভিউফাইন্ডার হিসাবে ব্যবহৃত হয় — উত্তল দর্পণ।

৭। বিভব প্রভেদ মাপার যন্ত্রের নাম কী — ভোল্টমিটার।

৮। কোন প্রক্রিয়ার সাহায্যে দু'টি আইসোটোপকে আলাদা করা হয় — ব্যাপন।

৯। প্রবাহিত তরলের ঘর্ষণকে কী বলে — সান্দ্রতা।

১০। শব্দের নিঁখুত প্রতিফলনের জন্য প্রয়োজনীয় ন্যূনতম দূরত্ব কত — ১৭ মিটার।

### রসায়ন

১১। ধাতব সোডিয়াম কিসে সংরক্ষণ করা হয় — কেরোসিন।

১২। কোন অ্যাসিড নিদ্রাদায়ক অ্যাসিড — বারবিচুরিক অ্যাসিড।


১৩। বিশুদ্ধ নাইট্রিক অ্যাসিড দেখতে কেমন হয় — বর্ণহীন তরল।

১৪। টেপ রেকর্ডারে, টেপের ঝিল্লি কী দিয়ে গঠিত — ফেরোম্যাগনেটিক পাউডার।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৫। কার বুদ্ধিতে চন্দ্রগুপ্ত মৌর্য, মৌর্য



বংশের প্রতিষ্ঠা করেন — চাণক্য।

১৬। একটি বৌদ্ধ গ্রন্থ থেকে ১৬টি মহাজনপদের উল্লেখ পাওয়া যায়। এই বৌদ্ধ গ্রন্থটির নাম কী — অঙ্গুত্তর নিকায়।

১৭। বিম্বিসারের পুত্রের নাম কী ছিল — অজাতশত্রু।

১৮। অশোক কার কাছ থেকে দীক্ষা নেন — গৌতম বুদ্ধের শিষ্য উপগুপ্ত।

১৯। কে 'শুঙ্গ বংশ' প্রতিষ্ঠা করেন — পুষ্যমিত্র শুঙ্গ।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২০। কোন আন্দোলনের প্রেক্ষাপটে জয়প্রকাশ নারায়ণ একজন সফল



জাতীয়তাবাদী নেতা হিসাবে আত্মপ্রকাশ করেন — ভারত ছাড়ো আন্দোলন।

২১। আচার্য বিনোবা ভাবের রাজনৈতিক গুরু কে ছিলেন — মোহনদাস করমচাঁদ গান্ধী।

২২। কত সালে 'ক্রিপস মিশন' ভারতে আসে — ১৯৪২ সাল।

২৩। কংগ্রেসের কোন অধিবেশনে মোহনদাস করমচাঁদ গান্ধী সভাপতিত্ব করেছিলেন — বেলগাম।

২৪। ১৯২৮ সালে কারা 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' স্থাপন করেন — জওহরলাল নেহরু, সুভাষচন্দ্র বসু ও শেসাদ্রী শ্রীনিবাস আইয়েনগর।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৫। 'জলঢাকা' নদীর উৎস কী — বিদাং হ্রদ।

২৬। ভারতের দীর্ঘতম সেচখাল কোনটি — গান্ধীখাল।

২৭। কোন পর্বতশ্রেণি কাশ্মীর উপত্যকাকে ভারতের অন্যান্য অংশ থেকে বিচ্ছিন্ন করেছে — পীরপঞ্জল পর্বতশ্রেণি।

২৮। ভারতের প্রধান কুটির শিল্পকেন্দ্র কোনটি — দৌলতাবাদ।

### আন্তর্জাতিক ভূগোল

২৯। 'শিবসমুদ্রম' জলপ্রপাতটি কোন



নদীতে সৃষ্টি হয়েছে — কাবেরী নদী।

৩০। জাপানের প্রধান দ্বীপটির নাম কী — হোনসু।

৩১। কোন দেশটি 'পারস্য' নামেও পরিচিত — ইরান।

৩২। 'মাউন্ট কিলিমাঞ্জারো' কোন দেশে আছে — তাঞ্জানিয়া।

৩৩। বিশ্বের শীর্ষস্থানীয় ডিম উৎপাদনকারী দেশ কোনটি — চিন।

৩৪। 'তেনজিং-হিলারি বিমানবন্দর' কোন দেশে আছে — নেপাল।

## রাষ্ট্রনীতি

৩৫। কোন ধারার সাহায্যে ভারতের সব হাই কোর্ট, নাগরিকদের মৌলিক অধিকার রক্ষা করে থাকে — ২২৬ ধারা।

৩৬। কে ভারতীয় সুপ্রিম কোর্টের কাছে পরামর্শ চাইতে পারেন — রাষ্ট্রপতি।

৩৭। কে রাষ্ট্রপতিকে ইমপিচমেন্ট করতে পারেন — সংসদ।

৩৮। রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির অবর্তমানে, কে রাষ্ট্রপতিদের দায়িত্ব সামলান — সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি।

৩৯। কম্পট্রোলার ও অডিটর জেনারেলকে কে নিয়োগ করেন — রাষ্ট্রপতি।

৪০। 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি তাঁর মেয়াদকাল পূর্ণ হওয়ার আগে দায়িত্ব থেকে অব্যাহতি চাইলে, কার কাছে তাঁর পদত্যাগপত্র জমা দেন — রাষ্ট্রপতি।

## অর্থনীতি

৪১। মার্কেট ক্যাপিটালাইজেশন অর্থাৎ, বাজার মূলধনের নিরিখে কোন সংস্থা সম্প্রতি দেশের সবথেকে দামি সংস্থায় পরিণত হল — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ (এই সংস্থার বাজার মূলধনের অঙ্ক পৌঁছে গিয়েছে ১০ লাখ কোটি টাকায়)।

৪২। 'U GRO Capital' সম্প্রতি কোন ব্যাঙ্কের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৪৩। 'টাটা কমিউনিকেশনস'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — আমুর স্বামীনাথন লক্ষ্মীনারায়ণন।

৪৪। 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' (ADB) সম্প্রতি ভারতের কোন রাজ্যের বিকাশের জন্য দেড়শ মিলিয়ন আমেরিকান ডলারের মঞ্জুরি দিয়েছে — পশ্চিমবঙ্গ।

৪৫। মাইক্রোক্রেডিট শাখার 'কোড ফর রেসপন্সিবল লেন্ডিং'এর (CRL) পরিচালন কমিটির প্রথম চেয়ারম্যান কে — 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র প্রাক্তন ডেপুটি গভর্নর হারুন রশিদ খান।

## সাম্প্রতিক ঘটনা

৪৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি সরকারি চাকরিতে খেলোয়াড়দের জন্য ৫% সংরক্ষণের কথা ঘোষণা করেছে — মধ্য প্রদেশ সরকার।

৪৭। সম্প্রতি 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন' (ISRO) কোন স্যাটেলাইট লঞ্চ করেছে — কার্টোস্যাট-৩।

৪৮। দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি নাগরিক হেল্পলাইন নম্বর '১৪৪০০' চালু করেছে — আন্ধ্রা প্রদেশ সরকার।

৪৯। ভারতের কোন রাজ্যের কোন শহরে সম্প্রতি 'ইন্ডিয়ান রেলওয়ে ইনস্টিটিউট অফ ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট' (IRIFM) প্রতিষ্ঠিত হয়েছে — তেলেঙ্গানার হায়দরাবাদে।

৫০। গুয়াহাটিতে ৬৫ তম 'ফিল্মফেয়ার পুরস্কার' আয়োজনের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'টাইমস অফ ইন্ডিয়া গ্রুপ'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে — অসম সরকার (এই প্রথমবার মুম্বইয়ের বাইরে এই মর্যাদাপূর্ণ পুরস্কার অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে)।

৫১। ২০১৯ সালে 'বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ডস'এ কে 'বর্ষসেরা মহিলা'র সম্মান পেতে চলেছেন — মার্কিনি সঙ্গীতশিল্পী বিল্লি ইলিস পিরাটে বাইর্ড ও'কন্নেল।

৫২। ছত্তিশগড় রাজ্যের কোরিয়া জেলার কোন জাতীয় উদ্যানকে সম্প্রতি 'বাঘ সংরক্ষণ' হিসাবে ঘোষণা করা হয়েছে — গুরু ঘাসিদাস জাতীয় উদ্যান।

৫৩। 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র (CII) তরফ থেকে কে সম্প্রতি 'কোয়ালিটি রত্ন' পুরস্কার পেলেন — 'সুন্দরম ফাস্টেনার্স'এর চেয়ারম্যান সুরেশ কৃষ্ণ।

৫৪। ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ কে — জেনারেল বিপিন রাওয়াত।

৫৫। ২০১৯ সালে কে 'কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্টস'এর (CPJ) তরফ থেকে



'ইন্টারন্যাশনাল প্রেস ফ্রিডম পুরস্কার' পেলেন — ভারতীয় সাংবাদিক নেহা দীক্ষিত।

৫৬। যুক্তরাজ্যের 'রয়্যাল অ্যারোনটিক্যাল সোসাইটি'র তরফ থেকে কে সম্প্রতি সাম্মানিক ফেলোশিপ পেলেন — 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'এর (DRDO) চেয়ারম্যান ড. জি.সতীশ রেড্ডি (১০০ বছরেরও বেশি সময় পর, প্রথম ভারতীয় হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৫৭। ২০১৯ সালে, ২ দিনের সেমিনার 'DEFCOM INDIA' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

৫৮। ২০১৯ সালে ৫০ তম 'ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া'য় (IFFI) কোন চলচ্চিত্র 'গোল্ডেন পিকক' পুরস্কার পেয়েছে — পার্টিকলস।

৫৯। ২০১৯ সালে 'গ্লোবাল ডিপ্লোম্যাসি ইনডেক্স'এ ভারতের র‍্যাঙ্ক কত — ১২ (শীর্ষস্থানে রয়েছে চিন)।

৬০। ২০১৯ সালে কোন দেশের কোন শহরে ৪০ তম 'ইউনেস্কো জেনারেল কনফারেন্স' অনুষ্ঠিত হয়েছে — ফ্রান্সের প্যারিস।

৬১। সম্প্রতি 'ফোর্বস' পত্রিকার তরফ থেকে প্রকাশিত 'রিয়েল-টাইম বিলিওনেয়র্স' তালিকায় ভারতের মুকেশ আম্বানি, বিশ্বের মধ্যে কততম স্থানে আছেন — নবম।

৬২। লোকপাল চেয়ারম্যান বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষ সম্প্রতি 'লোকপাল'এর লোগো প্রকাশ করেছেন। এই লোগোর মূলমন্ত্র কী — কারো সম্পদের জন্য লোভী হয়ো না ('Ma Gridhah Kasyasvidhanam'. এই লোগোর নকশা তৈরি করেছেন উত্তর প্রদেশের প্রয়াগরাজের বাসিন্দা প্রশান্ত মিশ্র)।

৬৩। 'The Sleep in a Sea of Stars' বইটির লেখক কে — ক্রিস্টোফার পাওলিনি।

৬৪। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'নুগেন মোবিলিটি সামিট' অনুষ্ঠিত হয়েছে — গুরুগ্রাম।

৬৫। কোন দেশে সম্প্রতি বিশ্বের প্রথম এইচআইভি পজিটিভ স্পার্ম ব্যাঙ্ক চালু হয়েছে — নিউজিল্যান্ড।

৬৬। কেন্দ্রীয় সরকারের 'কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' এখন কে — সোমা রায় বর্মন।

৬৭। বিশ্বে প্রথম কোন দেশ হজ যাত্রা প্রক্রিয়াকে ডিজিটাল করল — ভারত।

৬৮। ২০১৯ সালে ২০ তম 'হর্নবিল উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — নাগাল্যান্ড।

৬৯। 'অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড'এর (OFB) চেয়ারম্যান এখন কে — হরি মোহন।

৭০। 'বিশ্ব কম্পিউটার স্বাক্ষরতা দিবস' কবে পালিত হয় — ২ ডিসেম্বর।

৭১। 'জাতীয় দূষণ নিয়ন্ত্রণ দিবস' কবে পালিত হয় — ২ ডিসেম্বর।

৭২। 'বিশ্ব এইডস দিবস' কবে পালিত হয় — ১ ডিসেম্বর।

৭৩। সম্প্রতি পদত্যাগ করেছেন আদিল আব্দুল মাহদি। তিনি কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন — ইরাক।

৭৪। ভারতে দূষণের সমস্যা দূর করার জন্য, কোন সংস্থা সম্প্রতি নয়াদিল্লিতে 'অ্যাক্সিলারেটর ল্যাব' চালু করেছে — ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP)।

৭৫। মহারাষ্ট্র বিধানসভার অধ্যক্ষ এখন কে — নানা পাটোলে।

৭৬। কোন দেশ সম্প্রতি 'ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি'র সদস্য হল — তাইল্যান্ড।

৭৭। ২০১৯ সালে কে ৫৫ তম 'জ্ঞানপীঠ পুরস্কার'এর জন্য মনোনীত হয়েছেন — মালয়লম কবি আক্কিথাম অচ্যুথান নাম্বুদিরি।

৭৮। ভারতের কোন বেসরকারি সংবাদ চ্যানেল সম্প্রতি 'ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউট ইন্ডিয়া অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স ইন জার্নালিজম' পেল — এনডিটিভি।

৭৯। ২০১৯ সালের ২৭ নভেম্বর মারা গেলেন অভিনেতা বালা সিং। তিনি কোন ভাষার চলচ্চিত্রের অভিনেতা ছিলেন — তামিল।

৮০। ২০১৯ সালের ২৯ নভেম্বর ইয়াসুহিরো নাকাসোনে (১০১ বছর) মারা যান। তিনি কোন দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ছিলেন — জাপান।

৮১। 'Garam Pahad' বইটির লেখক কে — অনিতা ভাটনগর জৈন।

## খেলাধূলা

৮২। ২০১৯ সালে কে ২৭তম 'একলব্য পুরস্কার' পেতে চলেছেন — ওড়িশার



মহিলা ভারোত্তোলক ঝিল্লি দালাবেহেরা।

৮৩। ২০১৯ সালে কোন দল 'সৈয়দ মুস্তাক আলি ক্রিকেট টুর্নামেন্ট' জিতল — কর্ণাটক (তামিলনাড়ুকে ১ রানে হারিয়ে)।

৮৪। ২০১৯ সালে দেরাদুনে আয়োজিত, 'জাতীয় অনূর্ধ্ব-২৩ ওয়ান ডে টুর্নামেন্ট'এ কোন দল চ্যাম্পিয়ন হল — বাংলা (গুজরাতকে ৬৪ রানে হারিয়ে)।

৮৫। ২০১৯ সালে আহমেদাবাদে অনুষ্ঠিত 'কেনসভিল ওপন গলফ প্রতিযোগিতা'য় কে চ্যাম্পিয়ন হলেন — শামিম খান (মোট ১৩ আন্ডার ২৭৫ স্কোর করে)।

৮৬। কাঠমাণ্ডুতে 'সাউথ এশিয়ান গেমস'এর উদ্বোধনী অনুষ্ঠানে কে সম্প্রতি ভারতের পতাকা বাহক হয়েছেন — শট পুটার তেজিন্দর পাল সিং তুর।

৮৭। ২০১৯ সালে 'আবু ধাবি গ্রাঁ প্রি'তে কে চ্যাম্পিয়ন হলেন — লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

৮৮। অঙ্গদ বীর সিং বাজওয়া কোন খেলার সঙ্গে যুক্ত — শ্যুটিং।

৮৯। ২০১৯ সালে কে 'ব্যালন ডি'অর' পুরস্কার পেলেন — লিওনেল অ্যান্ড্রেস মেসি কুচ্ছিট্টিনি (প্রথম ফুটবলার হিসাবে সর্বোচ্চ ৬ বার এই পুরস্কার পেয়ে নজির গড়লেন তিনি)।

৯০। ২০১৯ সালে কে ইতালির সিরি 'এ' লিগের 'বর্ষসেরা ফুটবলার'এর সম্মানে ভূষিত হলেন — পর্তুগাল তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিও।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ
# পরিক্রমা

গত সপ্তাহের পর

**২৩ নভেম্বর** : ঝাড়খণ্ড অ্যাসেম্বলি ইলেকশনসের জন্য, মৃণাল কান্তি দাশকে স্পেশাল পুলিশ অবজার্ভার হিসাবে নিযুক্ত করল 'ভারতীয় নির্বাচন কমিশন' (ECI)।

□ ২০১৯ সালে 'climate emergency' শব্দটিকে 'বছরের সেরা শব্দ' হিসাবে ঘোষণা করল 'অক্সফোর্ড ডিকশনারি'। এই শব্দের অর্থ জলবায়ুর জরুরি অবস্থা।

□ নয়াদিল্লিতে, জল সংরক্ষণ সম্পর্কিত শর্ট ডকুমেন্টারি ফিল্ম 'শিখর সে পুকার' প্রকাশ করলেন কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। 'জলশক্তি অভিযান' প্রচারের জন্য এই ফিল্মটি তৈরি করা হয়েছে।

□ সরকারি চাকরিতে খেলোয়াড়দের জন্য ৫% সংরক্ষণের কথা ঘোষণা করল মধ্য প্রদেশ সরকার।

ভারতীয় নৌসেনার প্রথম মহিলা বিমানচালক হতে চলেছেন বিহারের মজফফরপুরের বাসিন্দা শিবাঙ্গী।



□ শটগান ন্যাশনালসে মিক্সড টিম ট্র্যাপ বিভাগে চ্যাম্পিয়ন হলেন রাজস্থানের মানবাদিত্য সিং রাঠোর ও অনুষ্কা সিং ভাটি।

**২৪ নভেম্বর** : পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী, বিশিষ্ট রাজনীতিক ও আরএসপি'র রাজ্য সম্পাদক ক্ষিতি গোস্বামী (৭৬ বছর) মারা গেলেন।

□ ২০১৯ সালে 'বিশ্ব অ্যাথলেটিক্স ফেডারেশন'এর বিচারে 'বর্ষসেরা পুরুষ ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন কেনিয়ার ইলিউদ কিপচোগ।

□ বিশ্বের দ্রুততম কম্পিউটারের তালিকায় জায়গা করে নিল ভারতের ২ সুপার কম্পিউটার 'প্রত্যুষ' ও 'মিহির'। ১০০'র মধ্যে তাদের স্থান যথাক্রমে ৪৫ ও ৭৩। এই ২ হাই-পারফরম্যান্স কম্পিউটিং ইউনিটের মূল কাজ আবহাওয়া ও জলবায়ুর গতিপ্রকৃতি বর্ণনা।

□ ব্রাজিলের ইগর কোয়েলহোকে ১৮-২১, ২১-১৮ ও ২১-১৯ ব্যবধানে হারিয়ে, 'স্কটিশ ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের লক্ষ্য সেন।

**২৫ নভেম্বর** : পশ্চিমবঙ্গের নানা প্রান্তে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থার ও ব্যক্তিগত মালিকানার কিছু জমিতে কোনো পাট্টা ছাড়াই যে উদ্বাস্তুরা বছরের পর বছর বাস করতেন, তাদের বসবাসে বৈধতা দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এর ফলে প্রায় ১২,০০০ উদ্বাস্তু উপকৃত হবেন।

□ ২০১৯ সালে 'বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ডস'এ 'বর্ষসেরা মহিলা'র সম্মান পেতে চলেছেন মার্কিনি সঙ্গীতশিল্পী বিল্লি ইলিস পিরাটে বাইর্ড ও'কনেল।

□ 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র (CII) তরফ থেকে 'কোয়ালিটি রত্ন' পুরস্কার পেলেন 'সুন্দরম ফাস্টেনার্স'এর চেয়ারম্যান সুরেশ কৃষ্ণ।

□ গুয়াহাটিতে ৬৫ তম 'ফিল্মফেয়ার পুরস্কার' আয়োজনের জন্য, 'টাইমস অফ ইন্ডিয়া গ্রুপ'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল অসম সরকার। এই প্রথমবার মুম্বইয়ের বাইরে এই মর্যাদাপূর্ণ পুরস্কার অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে।

□ অস্ট্রেলিয়ার জাতীয় ক্রিকেট দলের নির্বাচক হতে চলেছেন প্রাক্তন অসি অধিনায়ক জর্জ বেইলি।

□ কানাডাকে ২-০ ব্যবধানে হারিয়ে, ষষ্ঠবারের জন্য 'ডেভিস কাপ'এ চ্যাম্পিয়ন হল স্পেন।

**২৬ নভেম্বর** : 'কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্টস'এর (CPJ) তরফ থেকে 'ইন্টারন্যাশনাল প্রেস ফ্রিডম পুরস্কার' পেলেন ভারতীয় সাংবাদিক নেহা দীক্ষিত।

□ যুক্তরাজ্যের 'রয়াল অ্যারোনটিক্যাল সোসাইটি'র তরফ থেকে সাম্মানিক ফেলোশিপ পেলেন 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'এর (DRDO) চেয়ারম্যান ড. জি.সতীশ রেড্ডি। ১০০ বছরেরও বেশি সময় পর, প্রথম ভারতীয় হিসাবে এই সম্মান পেলেন তিনি।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# ব্যালন ডি'অর পুরস্কার



প্যারিসে এক জমকালো অনুষ্ঠানে, চিরপ্রতিদ্বন্দ্বী ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিওকে পিছনে ফেলে, বিশ্বের প্রথম ফুটবলার হিসাবে ৬ বার ব্যালন ডি'অর পুরস্কার জিতে ইতিহাস গড়লেন বার্সেলোনা তারকা লিওনেল অ্যান্দ্রেস মেসি কুক্কিট্টিনি। ৭ মহাদেশের বাছাইকৃত সাংবাদিকদের ভোটের মাধ্যমে নির্বাচিত হয় এই পুরস্কার। যেখানে লিওনেল মেসি ৬৮৬ ভোট পেয়ে এবারের 'ব্যালন ডি'অর' পুরস্কার জিতেছেন। একনজরে এই পুরস্কারের হালহকিকত।

● ফ্রান্সের সাপ্তাহিক ফুটবল সাময়িকী 'ফ্রান্স ফুটবল'এর দেওয়া, বার্ষিক ফুটবল পুরস্কার হল 'ব্যালন ডি'অর'।

● ১৯৫৬ সাল থেকে এই পুরস্কার দেওয়া শুরু হয়েছে।

● যদিও ২০১০ সাল থেকে ২০১৫ সালের মধ্যে 'ফিফা'র সঙ্গে 'ব্যালন ডি'অর'এর একটি চুক্তি হয়েছিল ও এই পুরস্কারটি সাময়িকভাবে 'ফিফা বর্ষসেরা খেলোয়াড়'এর সঙ্গে মিশে গিয়েছিল। আর সেসময় পুরস্কারটি 'ফিফা ব্যালন ডি'অর' নামে পরিচিত ছিল।

● ২০১৬ সালে এই পার্টনারশিপ শেষ হয় ও আবার এই পুরস্কার 'ব্যালন ডি'অর' নামেই ফিরে আসে।

● বার্ষিক ভিত্তিতে বিগত ১ বছরের খেলার মানের ওপর নির্ভর করে এই পুরস্কার দেওয়া হয়।

● এই পুরস্কার পেতে হলে খেলোয়াড়কে অবশ্যই 'উয়েফা' অনুমোদিত কোনো ক্লাবে খেলে থাকতে হবে।

● ১৯৯৪ সাল পর্যন্ত শুধুমাত্র ইউরোপীয় জাতিভুক্ত খেলোয়াড়রাই এই পুরস্কারের জন্য বিবেচিত হতেন।

● নিয়ম পরিবর্তন করার পর, ১৯৯৫ সালে প্রথম অ-ইউরোপীয় হিসাবে 'ব্যালন ডি'অর' পুরস্কার পান মিলানের জর্জ মাল্লেহ ওপ্পোং ওয়েহ। তিনি একমাত্র আফ্রিকান 'ব্যালন ডি'অর' পুরস্কার প্রাপক।

● ১৯৫৬ সালে 'ব্ল্যাকপুল'এর স্ট্যানলে ম্যাথিউস প্রথম 'ব্যালন ডি'অর' পুরস্কার পান।

● ১৯৯৭ সালে 'ইন্টারনাজিওনালে'র রোনাল্ডো লুইস নাজারিও দে লিমা, প্রথম দক্ষিণ আমেরিকান হিসাবে এই পুরস্কার পান।

● প্রথম ফুটবলার হিসাবে ৬ বার 'ব্যালন ডি'অর পুরস্কার পেয়ে নজির গড়েছেন লিওনেল অ্যান্দ্রেস মেসি কুক্কিট্টিনি। ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিও এই পুরস্কার পেয়েছেন ৫ বার।

● ৩ জন খেলোয়াড় ৩ বার করে এই পুরস্কার পেয়েছেন। তাঁরা হলেন — 'অ্যাজাক্স' ও 'বার্সেলোনা'র হেন্ড্রিক জোহান্নেস ক্রুইফ (১৯৭১, ১৯৭৩ ও ১৯৭৪), 'জুভেন্তাস'এর মাইকেল ফ্র্যাঙ্কোইস প্লাতিনি (১৯৮৩, ১৯৮৪ ও ১৯৮৫) ও 'মিলান'এর মার্কো ভ্যান বাস্তেন (১৯৮৮, ১৯৮৯ ও ১৯৯২)।

● গত ১১ বছর ধরে লা লিগার খেলোয়াড়রাই জিতছেন 'ব্যালন ডি'অর'। ২০১৮ সালে রিয়াল মাদ্রিদ মিডফিল্ডার লুকা মদ্রিচ এই ট্রফি জিতে মেসি-রোনাল্ডোর এক দশকের আধিপত্যের অবসান ঘটান।

● 'বার্সেলোনা'য় 'ব্যালন ডি'অর' এসেছে মোট ১২টি। যার ৬টি একাই জিতেছেন মেসি।

● 'বার্সেলোনা'র থেকে ১টি কম ব্যালন গিয়েছে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের ঘরে। তাদের পক্ষে একাই ৪টি জিতেছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

● এছাড়া, ৮টি করে 'ব্যালন ডি'অর' জিতেছেন 'এসি মিলান' ও 'জুভেন্তাস'এর হয়ে খেলা ফুটবলাররা।

● ৮ জন খেলোয়াড় তাঁদের কেরিয়ারে 'ফিফা বিশ্বকাপ', 'ইউরোপিয়ান কাপ'/'উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ' ও 'ব্যালন ডি'অর' জিতেছেন। তাঁরা হলেন — রবার্ট চার্লটন, ফ্র্যাঞ্জ অ্যান্টন বেকেনবাউয়ের, গারহার্ড মুলার, পাওলো রোসি, জিনেদিন ইয়াজিদ জিদান, রিভালদো ভিতোর বোর্বা ফেরেইরা, রোনাল্ডো দে অ্যাসিস মোরেইরা ও রিচার্ডো ইজেকসন দস স্যান্তোস লেইটে (কাকা)।

## একনজরে ২০১৯ সালের 'ব্যালন ডি'অর'এর সেরা ১০ খেলোয়াড় ও তাঁদের ভোট

● **লিওনেল অ্যান্দ্রেস মেসি কুক্কিট্টিনি** (বার্সেলোনা। ভোট পেয়েছেন ৬৮৬), ● **ভার্জিল ভ্যান ডাইক** (লিভারপুল। ভোট পেয়েছেন ৬৭৯), ● **ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিও** (জুভেন্তাস। ভোট পেয়েছেন ৪৭৬) ● **সাদিও মানে** (লিভারপুল। ভোট পেয়েছেন ৩৪৭) ● **মহম্মদ সালাহ হামেদ মাহরৌস ঘালি** (লিভারপুল। ভোট পেয়েছেন ১৭৮) ● **কিলিয়ান এমবাপ্পে লট্টিন** (প্যারিস-সেইন্ত জার্মেইন। ভোট পেয়েছেন ৮৯) ● **অ্যালিসন রামসেস বেকার** (লিভারপুল। ভোট পেয়েছেন ৬৭), ● **রবার্ট লেওয়ানডস্কি** (বায়ার্ন মিউনিখ। ভোট পেয়েছেন ৪৪), ● **বার্নার্দো মোটা ভেইগা দে কার্ভালহো এ সিলভা** (ম্যাঞ্চেস্টার সিটি। ভোট পেয়েছেন ৪১), ● **রিয়াদ করিম মাহরেজ** (ম্যাঞ্চেস্টার সিটি। ভোট পেয়েছেন ৩৩)।

## একনজরে লিওনেল অ্যান্দ্রেস মেসি কুক্কিট্টিনির সর্বোচ্চ ৬ বার 'ব্যালন ডি'অর' জেতার নজির

● **২০০৯ সাল** : যেখানে একজন খেলোয়াড়ের সর্বোচ্চ ৪৮০ পয়েন্ট পাওয়ার সম্ভাবনা থাকে, সেখানে মেসি ৪৭৩ পয়েন্ট নিয়ে ২০০৮-'০৯ মরসুমে জেতেন নিজের প্রথম 'ব্যালন ডি'অর'। দ্বিতীয় স্থানে থাকা রোনাল্ডোর পয়েন্ট ছিল ২৩৩।


● **২০১০ সাল** : টানা দ্বিতীয়বার 'ব্যালন ডি'অর' নিজের দখলে রাখেন মেসি। তবে বিশ্বকাপজয়ী স্পেনের আন্দ্রেস ইনিয়েস্তা ও জাভি সেবার বর্ষসেরার তালিকায় মেসিকে জোর টক্কর দেন। মোট পয়েন্ট তথা ভোটের ২২.৬৫% পান মেসি, যেখানে ইনিয়েস্তা পান ১৭.৩৬% ও জাভি পান ১৬.৪৮% ভোট।

● **২০১১ সাল** : 'ব্যালন ডি'অর' জয়ের হ্যাটট্রিকের অনন্য কীর্তি গড়েন মেসি। সেবারও প্রতিদ্বন্দ্বীদের থেকে কয়েক যোজন এগিয়ে এই পুরস্কার জিতে নেন মেসি। তাঁর প্রাপ্ত ভোট ছিল ৪৭.৮৮%।

**২০১২ সাল** : টানা চতুর্থবারের মতো 'ব্যালন ডি'অর' জিতে নতুন ইতিহাস লেখেন মেসি। ৪১.৬০% ভোট যায় তাঁর ঝুলিতে। রোনাল্ডো পান ২৩.৬৮% ভোট।

**২০১৫ সাল** : ২০১৫ সালে ফের এই পুরস্কার পান মেসি। সেবার ৪১.৩৩% ভোট পান তিনি। দ্বিতীয় স্থানে থাকা রোনাল্ডো পান ২৭.৭৬% ভোট আর নেইমার জুনিয়র ৭.৮৬% ভোট নিয়ে তৃতীয় স্থান অর্জন করেন।

**২০১৯ সাল** : এবছরও ৬৮৬ ভোট পেয়ে, নজির গড়ে বিশ্বের প্রথম ফুটবলার হিসাবে ৬ বার 'ব্যালন ডি'অর' পেলেন মেসি।




## ২০১৯ সালে কার হাতে কী পুরস্কার

● সেরা পুরুষ ফুটবলার : লিওনেল অ্যান্দ্রেস মেসি কুক্কিট্টিনি (আর্জেন্টিনা)।

● সেরা মহিলা ফুটবলার : মেগান আন্না র‍্যাপিনো (মার্কিন যুক্তরাষ্ট্র)।

● সেরা উঠতি ফুটবলার : ম্যাথিস ডি লিট (হল্যান্ড)।

● সেরা গোলকিপার : অ্যালিসন রামসেস বেকার (ব্রাজিল)।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাপ্তাহিক ঘটনাপ্রবাহ



'ম্যাকমাফিয়া' চলচ্চিত্রে অভিনয়ের জন্য, 'আন্তর্জাতিক এমি অ্যাওয়ার্ড' ট্রফি পেলেন অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকি।

□ 'টাটা কমিউনিকেশনস'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন আমুর স্বামীনাথন লক্ষ্মীনারায়ণন।

□ ছত্তিশগড় রাজ্যের কোরিয়া জেলার 'গুরু ঘাসিদাস জাতীয় উদ্যান'কে 'বাঘ সংরক্ষণ' হিসাবে ঘোষণা করা হল।

□ 'এশিয়ান আর্চারি চ্যাম্পিয়নশিপ'এ ব্যক্তিগত রিকার্ভ বিভাগে ব্রঞ্জ পদক পেলেন অতনু দাস।

□ 'লোকপাল'এর লোগো প্রকাশ করলেন লোকপাল চেয়ারম্যান বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষ। এই লোগোর মূলমন্ত্র 'কারো সম্পদের জন্য লোভী হয়ো না' ('Ma Gridhah Kasyasvidhanam')। এই লোগোর নকশা তৈরি করেছেন উত্তর প্রদেশের প্রয়াগরাজের বাসিন্দা প্রশান্ত মিশ্র।

□ কলকাতায় গ্র্যান্ড চেস ট্যুরের শেষদিনে ব্লিৎজে চ্যাম্পিয়ন হলেন নরওয়ের দাবাড়ু ম্যাগনাস কার্লসেন। এর আগে র‍্যাপিডে সেরা হন তিনি। এদিন ব্লিৎজেও চ্যাম্পিয়ন হয়ে লন্ডন গ্র্যান্ড চেস ট্যুরের ফাইনালসের টিকিট নিশ্চিত করলেন তিনি।

**২৭ নভেম্বর :** ২০১৯ সালে ২৭তম 'একলব্য পুরস্কার' পেতে চলেছেন ওড়িশার মহিলা ভারোত্তোলক ঝিল্লি দালাবেহেরা।

□ বিশ্বের প্রথম এইচআইভি পজিটিভ স্পার্ম ব্যাঙ্ক চালু হল নিউজিল্যান্ডে।

□ ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ হলেন জেনারেল বিপিন রাওয়াত।

□ সকাল ৯.২৮ মিনিটে, আন্ধ্রা প্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে, পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল পিএসএলভি-সি৪৭-এ করে সফলভাবে কার্টোস্যাট সিরিজের-৩ কৃত্রিম উপগ্রহ মহাকাশে উৎক্ষেপণ করল 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন' (ISRO)। সীমান্তে জঙ্গিদের গতিবিধির ওপর নজরদারি চালাতে, শক্তিশালী ক্যামেরাযুক্ত এই কৃত্রিম উপগ্রহটি মহাকাশে পাঠালো 'ইসরো'। মাত্র ২৫ সেন্টিমিটারের জিনিসকেও আলাদাভাবে চিহ্নিত করবে এই নজরদারি স্যাটেলাইট 'কার্টোস্যাট-৩'এর ক্যামেরা। পৃথিবী থেকে ৫০৯ কিলোমিটার দূরের কক্ষপথে, ৯৭.৫ ডিগ্রি কোণে প্রদক্ষিণ করবে 'কার্টোস্যাট-৩'।

□ ২১ তম 'এশিয়ান তিরন্দাজি চ্যাম্পিয়নশিপ'এর কম্পাউন্ড মিক্সড পেয়ার বিভাগে সোনার পদক পেলেন ভারতের অভিষেক ভার্মা ও জয়তী সুরেখা ভেন্নম।

**২৮ নভেম্বর :** মানুষের বাসযোগ্য পৃথিবীর হাল-হকিকত কেমন চলছে, তা পর্যবেক্ষণ করতে, সকাল ৭টা ৫০ মিনিট নাগাদ উত্তরাঞ্চলের শানজি প্রদেশের তাইওয়ান থেকে, লংমার্চ-৪সি রকেটে করে 'গাওফেন-১২' নামে এক কৃত্রিম উপগ্রহ মহাকাশে উৎক্ষেপণ করল চিন। সফলভাবেই কক্ষপথে প্রবেশ করেছে এটি। পৃথিবীর ভূখণ্ডের সূক্ষ্মাতিসূক্ষ্ম মাপজোখ, নগরোন্নয়ন পরিকল্পনা, রাস্তাঘাট তৈরির নকশা থেকে শুরু করে চাষাবাদ ও প্রাকৃতিক বিপর্যয়ে ত্রাণ ও সহায়তা পৌঁছাতে কার্যকরী ভূমিকা নেবে এই উপগ্রহ।


## বিশেষ বিজ্ঞপ্তি


**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ 'ম্যাঞ্চেস্টার সিটি'র মালিক সিটি ফুটবল গ্রুপ কিনে নিল 'মুম্বই সিটি এফসি'র ৬৫% মালিকানা। আগের মালিক রণবীর কাপুর ও বিমল পারেখের হাতে থেকে গেল বাকি ৩৫% মালিকানা। ভারতীয় ফুটবলে ইতিহাস তৈরি হল এদিন। 'ফুটবল স্পোর্টস ডেভেলপমেন্ট লিমিটেড'এর চেয়ারম্যান নীতা আম্বানির উপস্থিতিতে, মুম্বইয়ে ম্যাঞ্চেস্টার সিটি এই আনুষ্ঠানিক ঘোষণা করল।

□ ২০১৯ সালে ৫০ তম 'ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া'য় (IFFI) 'গোল্ডেন পিকক' পুরস্কার পেল 'পার্টিকলস' চলচ্চিত্র।

এই প্রথমবার 'দ্য ব্র্যাডম্যান ফাউন্ডেশন' তাদের 'হল অফ ফেম'এ জায়গা দিল কোনো পাক-ই-স্তানি ক্রিকেটারকে। তিনি হলেন ওয়াকার ইউনিস।





মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন উদ্ধব ঠাকরে।

**২৯ নভেম্বর :** জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইয়াসুহিরো নাকাসোনে (১০১ বছর) মারা গেলেন।

□ মাইক্রোক্রেডিট শাখার 'কোড ফর রেসপন্সিবল লেন্ডিং'এর (CRL) পরিচালন কমিটির প্রথম চেয়ারম্যান হলেন 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র প্রাক্তন ডেপুটি গভর্নর হারুন রশিদ খান।

□ নারী ক্ষমতায়নের লক্ষ্যে, রাজ্যে আনুষ্ঠানিকভাবে চালু হল 'জাগো' প্রকল্প। এই প্রকল্পে ১০ লাখ স্বনির্ভর গোষ্ঠীকে ৫,০০০ টাকা করে অনুদান দেওয়া হবে। প্রকল্পের জন্য ৫০০ কোটি টাকার তহবিল গঠন করা হয়েছে।

□ ভারত সফররত শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবায়া রাজাপক্ষের সঙ্গে আলোচনার পর, দ্বীপরাষ্ট্রের উন্নয়নের জন্য ৪৫ কোটি ডলার আর্থিক সাহায্যের কথা ঘোষণা করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

**৩০ নভেম্বর :** ২০১৯ সালে ৫৫ তম 'জ্ঞানপীঠ পুরস্কার'এর জন্য মনোনীত হলেন মালয়লম কবি আক্কিথাম অচ্যুথান নাম্বুদিরি।

□ লাগাতার বিক্ষোভ সামাল দিতে না পেরে শেষপর্যন্ত পদত্যাগের কথা ঘোষণা করলেন ইরাকের প্রধানমন্ত্রী আদিল আব্দুল মাহদি। প্রসঙ্গত উল্লেখ্য, দুর্নীতি, বেকারত্ব, নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি প্রভৃতি বিষয় নিয়ে স্বতঃস্ফূর্ত প্রতিবাদ বিক্ষোভ চলছে ইরাকে।

□ জলন্ধরে অনুষ্ঠিত, 'জাতীয় সিনিয়র কুস্তি প্রতিযোগিতা'য় মহিলাদের ৬২ কেজি বিভাগের ফাইনালে সোনার পদক পেলেন সাক্ষী মালিক।

□ কাঠমাণ্ডুতে 'সাউথ এশিয়ান গেমস'এর উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বাহক হবেন শট পুটার তেজিন্দর পাল সিং তুর।

**১ ডিসেম্বর :** বিনা প্রতিদ্বন্দ্বিতায় মহারাষ্ট্র বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন কংগ্রেস নেতা নানা পাটোলে।

□ তামিলনাড়ুকে ১ রানে হারিয়ে, 'সৈয়দ মুস্তাক আলি ক্রিকেট টুর্নামেন্ট' জিতল কর্ণাটক।

□ গুজরাতকে ৬৪ রানে হারিয়ে, দেরাদুনে আয়োজিত, 'জাতীয় অনূর্ধ্ব-২৩ ওয়ান ডে টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হল বাংলা।

□ মোট ১৩ আন্ডার ২৭৫ স্কোর করে, আহমেদাবাদে অনুষ্ঠিত 'কেনসভিল ওপন গলফ প্রতিযোগিতা'য় চ্যাম্পিয়ন হলেন শামিম খান।

নতুন নজির গড়ল হায়দরাবাদের শ্রীচৈতন্য টেকনো স্কুলের সপ্তম শ্রেণির ছাত্র সিদ্ধার্থ শ্রীবাস্তব পিল্লি। 'খুদে' ডেটা সায়েন্টিস্ট হিসাবে শিরোপা পেল ওই ছাত্র। হায়দরাবাদের মনটেইন স্মার্ট বিজনেস সলিউশন নামে একটি কোম্পানি তাকে 'ডেটা সায়েন্টিস্ট' হিসাবে নিয়োগ করেছে।



**২ ডিসেম্বর :** 'অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড'এর (OFB) চেয়ারম্যান হলেন হরি মোহন।

□ 'জি-২০' ফোরামের সভাপতির পদ পেল সৌদি আরব। ১৯ সদস্য ও ইউরোপীয় ইউনিয়নের এই জোট এবারই প্রথম কোনো আরব দেশকে সভাপতির পদ দিল। এর আগে এই দায়িত্বে ছিল জাপান।

□ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের কম্যান্ডার-ইন-চিফ হলেন লেফটেন্যান্ট জেনারেল পোদালি শঙ্কর রাজেশ্বর।



বিরল সম্মান পেলেন সুইস টেনিস তারকা রজার ফেডেরার। প্রথম জীবিত সুইস ব্যক্তি হিসাবে তাঁর মুখচ্ছবি খোদাই করা হতে চলেছে সুইৎজারল্যান্ডের মুদ্রা সুইস ফ্রাঁ'এ।

**৩ ডিসেম্বর :** ইতালির সিরি 'এ' লিগের 'বর্ষসেরা ফুটবলার'এর সম্মানে ভূষিত হলেন পর্তুগাল তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিও।

□ 'মেরিলিবোন ক্রিকেট ক্লাব'এর (MCC) 'স্পিরিট অফ ক্রিকেট' পুরস্কার পেল নিউজিল্যান্ড।

□ চিন ও রাশিয়ার মধ্যে সংযোগ রক্ষাকারী সড়কপথ ও সেতু তৈরির কাজ শুরু হল। এর মধ্যে দিয়ে তৈরি হল নতুন ইতিহাস ও ভূগোল। রাশিয়ার ব্লাগোভেসচেন্স শহর থেকে এই পথ গিয়ে মিশবে চিনের হেইহে অঞ্চলে। আগামী বছরের শেষদিকে এই সড়ক ও সেতু চালু হবে। হেলংজিয়াং নদীর ওপর ১,০৮০ মিটার দীর্ঘ এই সেতুর ৫৪০ মিটার চিনে ও ৫৪০ মিটার থাকছে রাশিয়ার ভূখণ্ডে।

□ 'সাউথ এশিয়ান গেমস'এ শ্যুটিংয়ে মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে সোনার পদক পেলেন বাংলার মেহুলি ঘোষ।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

এন এস আই সী
NSIC
Ministry of Micro Small and Medium Enterprises
CTTC KOLKATA
ISO 9001 : 2015
ISO 29990 : 2010
OHSAS 18001:2007
CERTIFIED

MSME TOOL ROOM - KOLKATA
Ministry of Micro, Small & Medium Enterprises
Govt. of INDIA
Bon Hoogly Industrial Area, Kolkata - 700 108 E-mail : cttc-msme@gov.in

FREE RESIDENTIAL TRAINING PROGRAM FOR SC/ST CANDIDATES

MSME Tool Room Kolkata is a leading Tool Room & Training Centre under Ministry of MSME Govt. of India, imparting skill based Training program in the field of Tool Engineering Technology. Application are invited from intending candidates in the prescribed form for admission to the following courses.

| SL. No. | Name of Course | | For further details contact |
|---|---|---|---|
| 1. | Certificate Course in Handheld Product-HHP (Tablets, Mobile Phones, Smart Phones etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 9933727014 |
| 2. | Certificate Course in Audio Video - AV (LED, LCD, Plasma TV, Home Theater with Blue Ray Player etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 8017418603 |
| 3. | Certificate Course in Room Air Conditioner & Home Appliances - RACHA (Split AC, Conventional & Inverter Model, Refrigerator, Washing Machine, Microwave Oven etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 9477373445 |

Qualification : H.S. / Vocational Trades / ITI / Diploma / B.A / B.Sc / B.Com

IMPORTANT NOTE :
- Theory, Practical & On Site Training Classes to be conducted at CTTC Kolkata & Service Centres of Reputed Electronic Companies.
- Fooding & Lodging of all admited Candidates are Free of Cost.
- Limited Seats are available (First Come first Serve Basis)

Admission Last Date 13.12.2019

Our Placement Report is 100% for above courses, after successful training.

Interested Candidates may directly report to the Training Cell of CTTC, Kolkata & for getting admission

For any further details visit our Website: www.msmetoolroomkolkata.com

Training Cell Contact No. : 9330193304

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি.'র ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের লিখিত পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় কী কী বিষয়ের প্রশ্ন হবে? প্রশ্ন কী বাংলায় হবে না ইংরিজিতে হবে? — বিকাশ সাহা, বেলঘরিয়া, উত্তর ২৪ পরগনা। সোনালি ঘোষ, মছলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১০/২০১৯'এর ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের পরীক্ষা হবে ২২ ডিসেম্বর, বেলা ১২টা থেকে দেড়টা। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১২ ডিসেম্বর থেকে, এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in । ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল স্টাডিজের ৭৫টি প্রশ্ন, (সায়েন্স, হিউম্যানিটিজ, ইন্ডাস্ট্রিয়াল সেন্স ও ইন্ডাস্ট্রিয়াল প্রোটেনশিয়াল), (খ) মেন্টাল এবিলিটি ও অ্যারিথমেটিকের ২৫টি প্রশ্ন (মাধ্যমিক মানের)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। এই পরীক্ষার প্রশ্ন হবে ইংরিজিতে।

■ *ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের পরীক্ষা কি শুধুমাত্র কলকাতাতেই হবে না অন্যান্য জেলাতেও হবে অন্যান্য পরীক্ষার মতো? — পূর্ণিমা প্রামাণিক, ১৭/২৩/এ, এ.সি. রোড, খাগরা, মুর্শিদাবাদ।*

■■ এই পরীক্ষার প্রার্থী সংখ্যা অন্যান্য পরীক্ষার মতো নয়। তাই এই পরীক্ষা কলকাতা ও কলকাতা লাগোয়া জেলা ছাড়া অন্যান্য জেলায় হবে না।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় সফল হলে কোন দফতরে চাকরি হবে? — ইজাম আহমেদ, পাঁচগ্রাম সালাল পাড়া, নবগ্রাম, মুর্শিদাবাদ।*

■■ পরীক্ষা হবে জানুয়ারিতে। সফল হলে নবান্ন-সহ রাজ্য সরকারের সেক্রেটারিয়েট দফতরে চাকরি হবে।

## স্কুল সার্ভিসের

■ *আপার প্রাইমারির জন্য শিক্ষাগত যোগ্যতায় কোনো ছাড় দেওয়া হয়েছে কি? ডিগ্রি কোর্সে কি ৫০% নম্বর থাকা বাধ্যতামূলক? — পিয়ালী দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। রাকা চ্যাটার্জী, পাইওনীয়ার পার্ক, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ আপার প্রাইমারির জন্য এতদিন পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা ছিল, মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ হতে হত। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থী হলে অর্থাৎ, তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫% নম্বর পেয়ে থাকতে হত। সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা / বি.এড. পাশ / এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশ (উচ্চমাধ্যমিকদের বেলায়) /১ বছরের বি.এড. স্পেশাল এডুকেশন কোর্স পাশ হতে হত। সম্প্রতি সুপ্রিম কোর্টে শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মামলার ফলে এন.সি.টি.ই. আপার প্রাইমারির শিক্ষক পদের জন্য শিক্ষাগত যোগ্যতায় সংশোধন এনেছে। নতুন নিয়মে বলা হয়েছে, ২০১১ সালের ২৯ জুলাইয়ের আগে বি.এড. কোর্স পাশদের বেলায় ডিগ্রি কোর্সে ৫০% নম্বরের কড়াকড়ি থাকছে না। তবে তার পরে বি.এড. কোর্স পাশ হলে সেক্ষেত্রে প্রার্থীদের ডিগ্রি কোর্সে ৫০% নম্বর না থাকলেও মাস্টার ডিগ্রি কোর্সে কিন্তু ৫০% নম্বর থাকতে হবে। অন্যদিকে সব ক্ষেত্রেই বি.এড. কোর্সে ন্যূনতম ৫০% নম্বর থাকা দরকার। এতদিন পর্যন্ত যাঁদের ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই, কিন্তু মাস্টার ডিগ্রি কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরা আপার প্রাইমারির পরীক্ষা দেওয়ার সুযোগ না পেলেও এবার বহু প্রার্থী সেই সুযোগ পেলেন। আপার প্রাইমারি 'টেট'এর ক্ষেত্রে প্রতিযোগিতা আরো বাড়বে।

## পুলিশে চাকরির

■ *সাব-অফিসার কাম ইন্সট্রাক্টর পদের যে খবর বেরিয়েছে, তাতে চোখে চশমা থাকলে যোগ্য কি? — রাজ ঘোষ, শিলিগুড়ি।*

■■ পুলিশে বিভিন্ন পদের জন্য যেমন মেডিক্যাল টেস্ট হয়, এখানেও তেমন মেডিক্যাল টেস্ট হবে। সেক্ষেত্রে দৃষ্টিশক্তির পরীক্ষা হবে।

■ *কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? জেল পুলিশের ফল কবে বেরোবে? — শুভজিৎ দত্ত, অশোকনগর, সেনডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে না। তবে কলকাতা পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এই আর্থিক বছরে বেরোনোর সম্ভাবনা আছে। জেল পুলিশের ওয়ার্ডার পদের ফল বেরোতে দেরি আছে।

## অন্যান্য চাকরির

■ *হাতে ট্যাটু থাকলে কি সরকারি চাকরি পেতে অসুবিধা হয়? — অভিদীপ্ত শর্মা, খড়দহ, উত্তর ২৪ পরগনা।*

■■ সেনাবাহিনী, আধা সামরিক বাহিনী ও পুলিশ বিভাগে চাকরির ক্ষেত্রে ডাক্তারি পরীক্ষায় অসুবিধা হবে। তবে অন্যান্য চাকরির ক্ষেত্রে তেমন অসুবিধা হবে না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| স্টিল অথরিটিতে ম্যানেজমেন্ট ট্রেনি | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ৩৯৯ | ১৫-১২-১৯ | www.sail.co.in |
| রিষড়া পুরসভায় ক্লার্ক মজদুর, হেল্পার, অপারেটর | এইট ও মাধ্যমিক | ৪৭ | ১৬-১২-১৯ | www.rishramunicipality.org |
| হিন্দুস্তান কপারে টেকনিশিয়ান, অপারেটর | মাধ্যমিক ও আই.টি.আই | ৪৭ | ১৬-১২-১৯ | www.hindustancopper.org |
| সেন্ট্রাল বোর্ড অফ সেকে: এডুকেশনে অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্ট্যান্ট, স্টেনো | উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ৩০৮ | ১৬-১২-১৯ | www.cbse.nic.in |
| গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে পিওন, অ্যাসিস্ট্যান্ট | এইট পাশ, উচ্চমাধ্যমিক | ১৭ | ১৬-১২-১৯ | www.ugb.ac.in |
| সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চে ক্লার্ক | উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ৭৩ | ১৯-১২-১৯ | www.ccras.nic.in, ayush.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ১৪৭ | ১৯-১২-১৯ | www.joinindiannavy.gov.in |
| নেভিতে বি.টেক. কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক পাশ | ৩৭২ | ১৯-১২-১৯ | www.joinindiannavy.gov.in |
| রাজ্যের কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর | মাস্টার ডিগ্রি | ১৭১ | ১৯-১২-১৯ | www.pscwbonline.gov.in |
| এইমস-এ নার্স | নার্সিংয়ের বি.এসসি. | ৩৭২ | ২৪-১২-১৯ | www.aiimsrishikesh.edu.in |
| স্টিল অথরিটিতে অপারেটর কাম টেকনিশিয়ান | ডিপ্লোমা পাশ | ১৪৬ | ৩১-১২-১৯ | www.sail.co.in |
| উত্তর প্রদেশ মেট্রো রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি ও ডিপ্লোমা | ১৮৩ | ২৩-১২-১৯ | www.upmetrorail.com |
| কলকাতা মেট্রো রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১২৩ | ২৩-১২-১৯ | www.mtp.indianrailways.gov.in |
| পি.এস.সি.'র মাধ্যমে অডিট অফিসার | কমার্স গ্র্যাজুয়েট | ৭০ | ২৩-১২-১৯ | www.pscwbonline.gov.in |
| রাজ্য পুলিশে স্টাফ অফিসার কাম ইন্সট্রাক্টর | গ্র্যাজুয়েট | ১২৫ | ২৪-১২-১৯ | www.wbpolice.gov.in |
| দক্ষিণ-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ১,১০৪ | ২৫-১২-১৯ | www.ner.indianrailways.gov.in |
| কেন্দ্রীয় সরকারে ক্লার্ক, অপারেটর | উচ্চমাধ্যমিক পাশ | - | ৩-১২-১৯ থেকে | www.ssc.nic.in |
| দক্ষিণ রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ১,২০৮ | ৩১-১২-১৯ | www.sr.indianrailways.gov.in |
| কলকাতা পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার | ডিগ্রি ও ডিপ্লোমা | ৮৯ | ৩১-১২-১৯ | www.mscwb.org |
| ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে ক্লার্ক, শিক্ষক | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬ | ৬-১-২০ | www.cbbarrackpore.org |

## ইসরোতে ২২০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস** : নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, টার্নার, মেশিনিস্ট, ড্রাফটসম্যান (মেকানিক), ড্রাফটসম্যান (সিভিল), ইলেক্ট্রনিক মেকানিক বা, মেকানিক (রেডিও অ্যান্ড টেলিভিশন), ইন্সট্রুমেন্ট মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, মেকানিক ডিজেল, কার্পেন্টার, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট বা, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ৭,৭০০ টাকা / ৮,০৫০ টাকা। শূন্যপদ : ফিটার ২২টি, ওয়েল্ডার ১০, ইলেক্ট্রিশিয়ান ৯, টার্নার ৬, মেশিনিস্ট ২, ড্রাফটসম্যান (মেকানিক) ২, ড্রাফটসম্যান (সিভিল) ৪, ইলেক্ট্রনিক মেশিন বা, মেকানিক (রেডিও অ্যান্ড টেলিফিশন) ৫, ইন্সট্রুমেন্ট মেকানিক ৪, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ৪, মেকানিক ডিজেল ৪, কার্পেন্টার ২, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট) ১, প্রোগামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট / কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৪৫টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে** : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কেমিক্যাল, সিভিল। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ট্রেডের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ২০টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ১০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১৫টি, কেমিক্যাল ৫টি, সিভিল ৯টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে** : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল, কম্পিউটার সায়েন্স, সিভিল, লাইব্রেরি সায়েন্স। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, কেমিক্যাল, কম্পিউটার সায়েন্স, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : মেকানিক্যাল ১০টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১০টি, ইন্সট্রুমেন্টেশন ২টি, কেমিক্যাল ২টি, কম্পিউটার সায়েন্স ৫টি, সিভিল ৪টি।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা লাইব্রেরি সায়েন্স বা, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা 'লাইব্রেরি সায়েন্সের' জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

ওপরের সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০১৭, ২০১৮, ২০১৯ সালে। বয়স হতে হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় ১৪-১২-২০১৯'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় ২১-১২-২০১৯'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় ৪-১-২০২০'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং : IPRC/RMT/App/2019/01, Dated: 07/12/2019.

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় ইন্টারভিউ হবে ১৪ ডিসেম্বর। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় ইন্টারভিউ হবে ২১ ডিসেম্বর। ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় ইন্টারভিউ হবে ৪ জানুয়ারি।

দরখাস্ত কোথাও পাঠাতে হবে না। দরখাস্তের বয়ান ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নিয়ে তা পূরণ করে নেবেন। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল। সরাসরি ইন্টারভিউ দিতে যাবেন এই ঠিকানায় : ISRO Propulsion Complex (IPRC), Mahendragiri, Tirunelveli District, Tamil Nadu. ওয়েবসাইট : www.iprc.gov.in

### বিদ্যুৎ পর্ষদের ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বিরতণ কোম্পানি লিমিটেড বিজ্ঞপ্তি নং MPP/2019/03'এর অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল, সিভিল, মেকানিক্যাল, আই.টি. অ্যান্ড সি) পদের ইন্টারভিউ হবে ১৬ ডিসেম্বর থেকে ২৪ ডিসেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.wbsedcl.in

### অডিট অ্যান্ড অ্যাকাউন্স সার্ভিসের মেন পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৮ সালের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে ২০ থেকে ২৬ ফেব্রুয়ারি। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in

### ডব্লু.বি.সি.এস. প্রিলি পরীক্ষার দরখাস্ত সংশোধন করার সুযোগ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার জন্য যাঁরা দরখাস্ত করেছেন, তাঁদের দরখাস্তে কোনো ভুল হয়ে থাকলে বা, ঐচ্ছিক বিষয় কিংবা পরীক্ষা কেন্দ্র বদল করতে চাইলে তা সংশোধন করার সুযোগ পাবেন ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad